লোক হইতে রক্ষা কর আমাকে যাহারা মনে
৫ ঠাওরিয়াছে আমার পদ ঠেলিয়া দিতে । অহঙ্কারিরা
ফাঁদ ও দড়ি থুইয়াছে আমার কারণ তাহারা জাল
পাতিয়াছে পথের নিকট তাহারা কল পাতিয়াছে
৬ আমার ধরিবার কারণ । সেলা । আমি কহিয়াছি
হে য়িহুহা তুমি আমার ঈশ্বর হে য়িহুহা শুন আমার
৭ কামনা রব । হে বিহুহা ভগবান আমার ত্রাণের
বল তুমি যুদ্ধ করণের দিনে ঢাকিয়াছ আমার মাথা ।
৮ দুষ্টেরদের ইষ্ট দিও না তাহারদের মনের ওদ্ভব
হইতে দিও না যেন তাহারা দর্পি না হয় । সেলা ।
৯ আমার চতুর্দ্দিগস্থেরদের মাথার এ ওহক নিজ ওষ্ঠা
১০ ধরের দোষ ঢাকুক তাহারদিগকে । জ্বলন্ত অঙ্গারা
পড়ুক তাহারদের ওপর তাহারা পড়ুক অগ্নি ও গভীর
১১ খাদে যেন ওঠে না । গর্ব্বী পৃথিবীতে স্থির হইতে দিও
না । আপদ দুরত্মা লোককে শিকারির ন্যায় তাড়িবে
১২ তাহার সংহার পর্য্যন্ত । আমি জানি যে য়িহুহা
গরিব ও দিনহীন লোকেরদের ইন্সাফ করিবেন ।
১৩ অবশ্য ধার্ম্মিক লোক প্রাপ্ত মঙ্গল স্বীকার করিবে
তোমার নামে পুন্যবানেরা তোমার গোচরে রহিবে ।

দা[illegible]র এক গীত ।—

গীত ১৪১

হে য়িহুহা আমি চেঁচাইতেছি তোমার স্থানে শীঘ্র
আইস আমার কাছে শুন আমার কথা যখন চেঁচাই
২ তোমার ঠাঁই আমার নিবেদন প্রসন্ন হওক তোমার
স্থানে সুগন্ধের ন্যায় আমার হাত তুলন সন্ধ্যা

১৪০ চত্তারিং শত্যুত্তরশত গীত ।—

৩ ভুজঙ্গের মত । হে যিহুহা আমার মুখের ওপর
৪ চৌকি দেই আমার ওষ্ঠাধরের দ্বার রক্ষা কর। আমার
অন্তঃকরন ফিরাইও না দুষ্ট কার্য্যেরদিগে দুষ্ট মনে
কুকর্ত্তার সহিত আচরন করিতে তাহারদের সুভক্ষ্য ও
৫ খাইতে দিও না আমাকে। ধার্ম্মিকেরা মারুক আমাকে
তাহা হয় ক্ষমা তাহারা বিষকাণ্ডক আমাকে তাহাই
মাথার তৈল তাহা আমার মাথা ভাঙ্গিবে না কেননা
এখন আমার নিবেদন হইবে তাহারদের দুঃখে।
৬ তাহারদের বিচার কর্ত্তা পাষান স্থলে অধঃপতন হইলে
শুনিবে আমার কথা কেননা তাহা আনন্দজ।
৭ যেমন কেহ কাষ্ঠ কাটে ও ফাড়ে পৃথিবীর ওপর
তেমন আমারদের হাড় ছড়িয়া পড়িয়াছে কবরের
৮ মুখে। কিন্তু হে যিহুহা ভগবান আমার চক্ষু
তোমারদিগে তোমায় ভরসা করিয়াছি আমার প্রান
৯ স্খলন যেন হয় না। যে ফাঁদ তাহারা থুইয়াছে
আমার কারন ও কুকর্ত্তার কল হইতে রক্ষা কর
১০ আমাকে। দুষ্টেরা পড়ুক আপনারদের জালে আমি
যেন ছাড়িয়া বাঁচে।—

গীত ১৪২

দাঊদের মশখিল এক নিবেদন যখন গহ্বরে ছিল।

আমি আমার রবে চেঁচাইলাম যিহুহার স্থানে। যিহু
২ হার ঠাঁই আমার রবে কামনা করিলাম। আমার মনের
ওদ্ভব প্রকাশ করিলাম তাহার সাক্ষাতে আমার দুঃখ
৩ প্রকাশ করিলাম তাহার ঠাঁই। আমার আত্মা যখন
দুঃখাপ্লাবিত ছিল আমার মধ্যে তখন তুমি আমার

১৪২ দ্বাত্তচারিং শত্যুত্তর শত গীত।—

জাত ছিলা যে পথ দিয়া চলিলাম সে পথে ফাঁদ
৪ পাতিয়াছে আমার জন্য। দক্ষিনে দৃষ্টি করিলে দেখ
কেহ জানে না আমাকে আমি নিরাশ্রয় কেহ ভাবিল
৫ না আমার প্রানের কারন। তোমার কাছে চেঁচা
ইলাম হে যিহুহা তুমি আমার ভরসা ও আমার
৬ অধিকার জীবত্ত লোকের দেশে। শুন আমার শব্দ
কেননা আমি অতি নিচ হইয়াছি পরিত্রান কর
আমাকে আমার বিপক্ষেরদিগ হইতে কেননা তাহারা
৭ আমা হইতে বলবান। আমার প্রান মুক্ত কর কারা
গার হইতে তোমার নাম স্তব করনার্থে ধার্ম্মিকেরা
আমার চতুর্দ্দিগস্থ হইবে যখন তুমি আমার ভাগ্য
করিবা।—

দাঙদের এক গীত।—

গীত ১৪৩ হে যিহুহা শুন আমার নিবেদন অবধান কর
আমার কামনা তোমার সত্যতায় ও তোমার ধর্ম্মে উত্তর
২ দিও আমাকে ও বিচারে আইস না তোমার দাসের
সহিত কেননা তোমার সাক্ষাতে কেহ জীবত্ত ধার্ম্মিক
৩ হইবে না। কেননা শত্রু বিপক্ষতা করিয়াছে আমার
প্রান সে দলাইয়া ফেলিয়াছে আমার জীবন মৃত্তিকাতে
সে অন্ধকারে বাস করাইয়াছে আমাকে যেমন অনেক
৪ কালের মরা। সে কারন আমার আত্মা ভাবিত
আছে আমার মধ্যে আমার মধ্যে যে হৃদয় সে শূন্য
৫ আছে। আমি পূর্ব্বকালের দিন মনে পাইয়াছি আমি

তোমার সকল কার্য্য স্মরন করি আমি মনে ভাবি
৬ তোমার হস্তের ক্রিয়া। আমি হাত বিস্তার করি তোমার
দিগে আমার মন তোমাকে চাহে তৃষ্ণিত ভূমির
৭ মত। সেলা। হে য়িহুহা শীঘ্র শুন আমার
আমার আত্মা দুর্ব্বল হইয়াছে তোমার মুখ গুপ্ত
রাখিও না আমা হইতে পাছে খাদে নামকের
৮ তুল্য হই। প্রত্যুষে তোমার দয়া শুনাও আমাকে
কেননা তোমায় ভরসা করিয়াছি। আমার গম্য
পথ দেখাও আমাকে কেননা তোমার স্থানে আমার
৯ মন ওঠাই। হে য়িহুহা আমার শত্রুগন হইতে পরিত্রান
কর আমাকে আমি গোপনার্থে আইসি তোমার
১০ কাছে। তোমার ইষ্ট ক্রিয়া করিতে শিক্ষাও আমাকে
কেননা তুমি আমার ঈশ্বর তোমার আত্মা উৎকৃষ্ট
১১ আমাকে পথ দেখাও পুকৃতার্থের দেশে। হে য়িহুহা
জীবাও আমাকে তোমার নামেরাথে তোমার ধর্ম্মার্থে
১২ বাহির কর আমার প্রান দুঃখ হইতে। এবং
তোমার দয়ায় ছেদন কর আমার শত্রুরদিগকে ও
নষ্ট কর আমার সকল প্রানক্লেশকেরদিগকে কেননা
আমি তোমার দাস।—

দাঊদের গীত।

গীত ১৪৪ ধন্য য়িহুহা আমার বল যিনি আমার হাত রং
করিতে ও আমার অঙ্গুলি যুদ্ধ করিতে শিক্ষান।
২ আমার ভদ্রতা আমার কেল্লা আমার ওচ্চা গড় ও
আমার উদ্ধারক আমার ঢাল আমার ভরসা পাত্র

৩ যিনি লোককে আমার করতল করান। হে যিহুহা
মানুষ কি যে তুমি ভাল বাসিতেছ তাহাকে এবং মানু
৪ ষের সন্তান যে সম্ভ্রান্ত করাইতেছ তাহাকে। মনুষ্য
শূন্যতা মাত্র তাহার পুমায়ু ছায়ার মত যে বহিয়া যায়।
৫ হে যিহুহা তোমার স্বর্গ নামাইয়া নাম পর্ব্বত স্পর্শ
৬ কর তখন ধূম্র উঠিবে। বিদ্যুত ফেলাইয়া চূর্ণ কর
তাহারদিগকে তোমার বান এড়িয়া নষ্ট কর তাহার
৭ দিগকে। উপর হইতে বিস্তার কর তোমার হাত
উদ্ধার ও পরিত্রান কর আমাকে অনেক জল হইতে
৮ বিদেশি সান্তান হইতেই যাহারদের মুখ নিরর্থক
কথা কহে তাহারদের দক্ষিন হস্ত ও মিথ্যা কার্য্য
৯ কারক দক্ষিন হস্ত। হে ঈশ্বর আমি নুতন গীত গাইব
তোমার স্থানে আমি নবল ও দশতার জন্ত্র বাজানেতে
১০ গাইব তোমার ঠাঁই। তিনিই রাজাগনের
ত্রাতা তিনি আপনার দাস দাঊদকে মুক্ত করেন
১১ হিংসুক তলোয়ার হইতে। মুক্ত কর ও ত্রান কর
আমাকে বৈরগি শিশুরদের হাত হইতে যাহারদের
মুখ নিরর্থক কথা কহে এবং তাহারদের দক্ষিন হস্ত
১২ মিথ্যা কার্য্য কারক দক্ষিন হস্ত। আমারদের
পুত্রগন যেন যৌবনাবস্থায় বাড়ে বৃক্ষের মত
আমারদের কন্যাগন যেন উচ্ছালি কার
১৩ খোদকারি কোনার পাথরের ন্যায়। আমারদের
ভাণ্ডার সকল বর্ন সম্পত্ত্য পূর্ন হওনের জন্য
আমারদের মেষ যেন সহস্র ও দশ সহস্র প্রসব
১৪ হয় আমারদের গলিতে। আমারদের বলদ

যেন কর্ম্ম মত বলবান হয় পুরেশাথে ভঙ্গন কি বাহিরে যাওন কিম্বা ক্রুটি আমারদের গলিতে
১৫ যেন না হয়। ধন্য সে লোক যাহার এমন গতিক আছে ধন্য সে লোক যাহার ঈশ্বর আছেন য়িহুহা।

দাঙদের স্তব গীত।

গীত ১৪৫ হে ঈশ্বর আমার রাজা আমি সম্ভ্রম করিব তোমাকে আমি সদাসর্ব্বক্ষনে তোমার নামের প্রশংসা
২ করিব। প্রতি দিনে তোমাকে বর কহিব সর্ব্বক্ষনে
৩ তোমার নামের স্তব করিব। য়িহুহা মহা এবং
৪ বড় স্তুবা এবং তাহার মহত্তাতা অভাব্য। এক পুরুষ অন্য পুরুষকে কহিবে তোমার কার্য্যের প্রশংসা
৫ এবং প্রকাশ করিবে তোমার আশ্চর্য্য ক্রিয়া। আমি ও কহিব তোমার মহত্তাতার ভারের সৌন্দর্য্য তোমার
৬ আশ্চর্য্য ক্রিয়ার কথা। লোক ও কহিবে ও তোমার আশ্চর্য্য মহিমা ক্রিয়ার কথা আমি ও বলিব তোমার
৭ মহত্তাতা। তাহারা বিস্তারিত প্রকাশ করিবে তোমার ভদ্রতা স্মরনার্থ কথা এবং গান করিবে তোমার
৮ বীর্য্যের বিষয়। য়িহুহা আছেন কৃপয়ান ও দয়ালু বহু
৯ বৈর্য্যবান এবং অনেক ক্ষমাবন্ত। য়িহুহা সকলের ভদ্র এবং তাঁহার দয়া তাহার সকল ক্রিয়ার ওপর।
১০ হে য়িহুহা তোমার সকল কার্য্য স্তব স্বীকার করে তোমার প্রতি তোমার পুন্যবান ও আশীর্ব্বাদ স্বীকার
১১ করিবে। তাহারা কহিবে তোমার রাজ্যের
১২ মহীমা ও বলিবে তোমার পরাক্রের বিষয়।

তাহার পরাক্রমোদ্ভব ক্রিয়া ও তাহার রাজ্যের
তেজ মানুষের সন্তানেরদিগকে জানাইতে।
১৩ তোমার রাজ্য অনন্ত রাজ্য তোমার অধীক্ষতা সর্ব্ব
১৪ পুরুষ পর্য্যন্ত থাকে যিহুহা ধরিয়া রক্ষা করেন পতনের
দিগকে ও খাড়া করেন সকল যে ঘুড়ঘুড়া হইয়াছে।
১৫ সকলের চক্ষু অপেক্ষা করে তোমাতে এবং তুমি তাহা..
১৬ দের ভক্ষ্য দিতেছ ওচিৎ সময়ে। তুমি হাত
১৭ মেলিয়া পূর্ণ করিতেছ সকল জীবের মনোরথ। যিহুহা
পরমার্থিক তাহার সকল পথে ও ধর্ম্ম তাহার সকল
১৮ কার্য্যে। যিহুহা সে সকলের নিকট যাহারা নিবেদন
করে তাহার ঠাঁই যাহারা সত্য নিবেদন করে তাহার
১৯ কাছে। যাহারা ভয় করে তাহাকে তাহারদিগের
অভিলাষ পূর্ণ করিবেন তিনি শুনিবেন তাহারদের
২০ চেঁচান তিনি ও ত্রান করিবেন তাহারদিগকে। যাহারা
প্রেম করে যিহুহাকে তিনি তাহারদিগকে সকল
রক্ষা করিবেন কিন্তু সকল দুষ্টেরদিগকে নষ্ট
২১ করিবেন। আমার মুখ কহিবে যিহুহার স্তব
সকল জীব ও তাহার ধর্ম্ম নামে আশীর্ব্বাদ শীকার
করুক সদাসর্ব্বক্ষনে।

গীত ১৪৬ হালিলুয়া। হে আমার মন যিহুহার স্তব কর
আমার যাবৎ জীবন যিহুহার স্তব করিব যত
কাল জীবন থাকে স্তব গান করিব আমার ঈশ্বরের
৩ কাছে। পতি কিম্বা মানুষের সন্তানের ওপর বিশ্বাস
করিও না যাহারদের রক্ষা করিবার কিছু নহে।
৪ তাহার শ্বাস যায় সে আপনারদের মৃত্তিকায় ফিরে

৫ সেই দিনে তাহার মনের ওদুব ক্ষয় হয়। ধন্য
সে জন যাহার ওপকারী যাঁকুবের প্রভু যাহার ভরসা
৬ য়িহুহা তাহার ঈশ্বরে। তিনি সৃজন করিলেন
স্বর্গ ও পৃথিবী ও সমুদ্র ও যেং সকল তাহার মধ্যে
৭ তিনি সত্যতা সদাকাল পালন করেন। তিনি দণ্ডী
দুঃখী লোকের বিচারকর্ত্তা তিনি ক্ষুধিতের ভক্ষ্যদ
৮ য়িহুহা বন্দিতেরদের মুক্তদ। য়িহুহা অন্ধ লোকের
চক্ষুদ য়িহুহা খাড়া করেন বক্রের দিগকে য়িহুহা প্রেম
৯ করেন ধার্ম্মিকেরদিগকে য়িহুহা রক্ষা করেন বিদেশী
ও পিতাহীন ও বিধুবারদিগকে কিন্তু দুষ্টেরদের
১০ গমন ওল্টিয়া ফেলান। য়িহুহা সর্ব্বকাল কর্তৃত্ব
করিবেন হে চীয়ন তোমার ঈশ্বরই সর্ব্ব
পুরুষনক্রমে। হালিলুয়া।

গীত ১৪৭ হালিলুয়া। কেননা আমারদের ঈশ্বরের কাছে স্তব
গান করণ ভাল স্তব করন ও সন্তোষ দাইক ও
২ প্রকৃত। য়িহুহা গাঁথান যিরোশলম তিনি যিশরালের
৩ খেদানীয়ারদিগকে ও একত্র করেন। তিনি চূর্ণান্তঃ
করণীয়ের সুস্থ করেন এবং তাহারদের ঘা বন্ধেন।
৪ তিনি সকল নক্ষত্র গণন করেন এবং তাহারদের
৫ সকল নাম বলেন। আমারদের ভগবান মহা
তাহার পরাক্রম ও মহা এবং তাহার জ্ঞান অসীম্য।
৬ য়িহুহা খাড়া করেন নম্র লোককে ও পাপিরকে
৭ ফেলেন মৃত্তিকাতে। প্রাপ্ত মহিল স্বীকার
করিয়া গানকর য়িহুহার স্থানে বীন বাজাইয়া
৮ গান কর আমারদের ঈশ্বরেরঠাঁই। তিনি মেঘে

চাওয়ান স্বর্গ তিনি বৃষ্টি প্রস্তুত করেন পৃথিবীর
৯ কারণ ও পর্ব্বতের ওপরে তৃন বাড়ান। তিনি
পশুর ভক্ষ্য দেন ও কাকের বাচ্ছা চেঁচাইলে তাহার
১০ দিগকে ও দেন। অশ্বের বলে তাহার তুষ্টি নহে তাহার
১১ ও তুষ্টি নহে মানুষের পায়ে। য়িহুহার তুষ্টি
তাহারদিগেরে যাহারা ভয় করে তাহাকে যাহার
১২ ভরসা করে তাহার দয়ায়। হে য়িরোশলম
য়িহুহার স্তব কর হে চীয়ন তোমার ঈশ্বরের স্তব
১৩ কর তিনি মজবুত করান তোমার দ্বারের হুড়কা তিনি
১৪ বর দিয়াছেন তোমার মধ্যস্থ সান্তান তিনি নির্যুদ্ধ
বর দিতেছেন তোমার সকল সীমানায় তিনি ও
১৫ ওত্তম গোমে তৃপ্তি করান তোমাকে। তিনি
দেন তাহার কথা পৃথিবীর ওপর তাহার কথা
১৬ বেগে দৌড়ে। তিনি বরফ দেন মেষের
১৭ লোমের মত এবং নিহর দেন ভস্মের ন্যায়। তিনি
জলঘমাট দেন চুরের মত তাহার হিমের সন্মুখে
১৮ কেতা স্থির হইতে পারে। তিনি তাহার কথা পাঠাইয়া
তাহা গলান তাহার বায়ু বাহলে জল বহে।
১৯ তিনি জানান তাহার কথা যাঁকুবকে তাহার
২০ ব্যবস্থা ও বিচার কথা য়িশ্রায়েলকে। তিনি সকল
বর্ণেরদিগে এমন করিলেন না তাহারা ও জানিতে
না পাইয়াছে তাহার বিচার কথা। হালিলুয়া।

গীত ১৪৮

হালিলুয়া। স্বর্গে থাকিয়া য়িহুহার স্তব কর ঊর্দ্ধে
থাকিয়া তাহার স্তব কর। হে তোমরা তাহার
২ সকল দূত ও সকল সৈন্য সামন্ত তাহার স্তব

৩ কর। হে সূর্য্য ও চন্দ্র তাহার স্তব কর হে
৪ সকল দীপক নক্ষত্র তাহার স্তব কর। হে
স্বর্গগণের স্বর্গেরা ও স্বর্গের উপরস্থ জল তাহার
৫ স্তব কর। সেই সকলে য়িহুহার নামের স্তব করুক
কেননা তিনি আজ্ঞা দিলে তাহারা সৃজিত ছিল
৬ তিনি ও সদাকালার্থে স্থির করিয়াছেন তাহারদিগকে
তিনি ব্যবস্থা দিয়াছেন তাহারা তাহা লঙ্ঘিতে পারিবে
না।—

৭ পৃথিবী থাকিয়া য়িহুহার স্তব কর। হে নাগগণ ও
৮ সকল গভীর স্থল। তাহার কথা পুরক অগ্নি ও
৯ শিলি ও বরফ ও কুজ্ঝটি ও ঝড় বাতাস। পর্ব্বত
গণ ও সকল গিরি ফলবান বৃক্ষ ও সকল আরজ
১০ বৃক্ষ। জন্তু ও সকল পশু ভুজঙ্গ ও পাখা বিশিষ্ট
১১ পক্ষগণ। পৃথিবীর রাজাগণ ও সকল প্রজা পতি
১২ গণ ও পৃথিবীর সকল বিচার কর্ত্তা। যুবা ও যুবতী
১৩ বৃদ্ধ ও বাল। ইহারা য়িহুহার নামের স্তব করুক
কেননা তাহার নাম কেবল শ্রেষ্ঠ তাহার মাহত্ম্য স্বর্গ
১৪ ও পৃথিবীর উপর। যিনি আপনার সকল পুন্যবানের
স্তব্য বটে ও তাহার নিকটস্থ য়িশরাল লোকের স্তব্য
তিনি উচ্চ করাইবেন নিজ লোকের শৃঙ্গ। হালিলুয়া।

গীত ১৪৯ হালিলুয়া। এক নূতন গীত গাও য়িহুহার কাছে ও
তাহার স্তব পুন্য লোকের মণ্ডলিতে। য়িশরাল আপনার
স্রষ্টাকে আনন্দিত হওক জীয়নের শিশুরা উল্লাষিত
৩ হওক তাহারদের রাজায়। তাহারা বিনা বাজাইয়া

স্তব করুক তাহারা তবল ও বীন বাজাইতে ২·গান
৪ করুক তাহার স্থানে। কেননা যিহুহার সন্তোষ তাঁহার
লোকে তিনি ত্রান ভূষন করিবেন নম্র লোকেরদিগকে।
৫ পুন্যবানেরা মহত্ত্বায় উল্লাষিৎ হউক তাহারা ও
৬ আপনার শয্যায় আনন্দিত হইয়া গান করুক। তাহার
দের মুখে হউক প্রভুর অতিবাদ স্তুতি ও তাহারদের
৭ হাতে দুই ধার তলোয়ার। দেব পূজকেরদিগকে
৮ প্রতি হিংসা ও লোকেরদিগকে শাস্তি দিতে তাহার
দের রাজারদিগকে জিঞ্জিরে বন্ধিতে ও তাহারদের
৯ বলবানেরদিগকে লোহা বেড়িতে প্রস্তুত বিচারের
মত করিতে তাহারদের ওপর। এমন সম্ভ্রম তাহার
সকল পুন্যবানের। হালিলুয়া।

গীত হালিলুয়া। যিহুহার স্তব কর হ তাহার পবিত্রতায়
১৫০ তাহার স্তব কর তাহার মহত্তার আকাশে।
২ তাহার পরাক্রমকতে তাহার স্তব কর তাহার দিব্য
৩ মহত্ত্বানুযায়ি তাহার স্তব কর। তুরি বাজানেতে
তাহার স্তব কর নবল ও বীন বাজানেতে কর তাহার
স্তব। তবল ও বিনা বাজানেতে তাহার স্তব কর
৪ তারযুক্ত জন্ত্র ও বরবত বাজানেতে তাহার স্তব কর।
৫ করতাল বাজানেতে তাহার স্তব কর উৎকৃষ্ট করতাল
৬ বাজানেতে তাহার স্তব কর। সমস্ত জীব যিহুহার
স্তব করুক। হালিলুয়া।

যিশাইয়াহার ভবিষ্যৎ বাক্য।—

১ প্রথম পর্ব্ব।—

১ আমোজের পুত্র যিশাইয়াহার দর্শন যাহা দেখিল যিহোদা ও যিরোশালমের বিষয় যিহোদার রাজা উজিয়া ও যোতম ও আহজ ও যিহিজকিয়াহার কালে।
২ হে স্বর্গগণ শুন হে পৃথিবী অবধান করহ কেননা যিহুহা কহিতেছেন। আমি পুতি পালন ও ভরণ করিয়াছি শিশুরদিগকে ও তাহারাই ছাড়িয়াছে
৩ আমাকে। গরু চিনি আপনার কর্ত্তাকে ও গাধা আপনার পতির হাড়ঈ কিন্তু যিশরাল চিনে না আমাকে
৪ আমার লোক চাওরে না। আহা পাপী বর্গ অবধার্য্য ভারাক্রান্ত লোক দুকর্ত্তা কুল দুকৃতজন্ম সন্তান তাহারা যিহুহাকে ত্যাগ করিয়াছে তাহারা যিশরালের ধর্ম্মকে তুচ্ছ করিয়াছে তাহারা তাহাকে ছাড়িয়াছে
৫ তাহারা পশ্চাৎ করিয়াছে তাহাকে। আরবার শরীরের কোন দেশে মারিবা তোমারা কি আর শাস্তি দিবা।
৬ মাথা সমুদায় পীড়িত ও হৃদয় সমুদায় দুর্ব্বল। পদ তালুয়া হইতে মাথা পর্য্যন্ত অচ্ছেদ নহে তাহাই ঘা ও কালশিরা ও গলিত ঘা তাহা চাপা গেল না ও বন্ধ
৭ গেল না ও তৈল দিয়া নরম করিল না। তোমারদের

দেশ নিরাবাদ হইয়াছে তোমারদের সহর অগ্নিতে পোড়ান তোমারদের ভূমি বিদেশিরা খাইয়া ফেলিতেছে তোমারদের গোচরে ও তাহা শূন্য আছে যেমন বর্ন্যায়
৮ নষ্ট। ছীয়নের কন্যাকে ও ছাড়া গেল যেমন দ্রাক্ষা ক্ষেত্রের টোঙ্গি যেমন সোঘাস বাগানের খোপড়া
৯ যেমন শত্রুগ্রস্থিত পরাজিত সহর। সৈন্যের যিহুহা, যদি অল্প বক্তি না রাখিতেন তবে আমরা শীঘ্র হইতাম
১০ সদমের ন্যায় আমরা হইতাম ওমরার তুল্য। হে সদমের কর্ত্তারা শুন যিহুহার কথা হে তোমরা ওমরার লোকেরা অবধান কর আমাদিরদের ঈশ্বরের
১১ বিধি। যিহুহা বলেন তোমারদের অনেক বলিদানের কি কায আমার আমি মেষাহুতি ও মোটা জন্তুর চরবি পরিতৃপ্ত বলদ ও মেষের বাচ্চা ও ছাগলের
১২ রক্তে আমার সন্তোষ নহে। তোমরা যখন আমার সহিত সাক্ষাত করিতে আইস তখন কে ইহা করিতে
১৩ আজ্ঞা দিয়াছে তোমারদিগকে। আমার ওঠানে আর আসিও না নিরর্থক ওৎসর্গ আর আনিও না। সুগন্ধ কি তাহা আমার হারাম অমাবস্যা ও শাবত ও ছেড়ি দেয়া সভা ওপবাস ও এবং কর্ম্ম
১৪ ত্যাগী দিন আমি সহিতে পারি না। তোমারদের মাসিক ও তোমারদের পর্ব্ব আমার মন ঘৃনা করে তাহা আমার পরিশ্রম তাহা সহনেতে শ্রান্ত আছি।
১৫ তোমারদের হাত ও বিস্তার করিলে আমার চক্ষু লুকাইব তোমারদিগ হইতে এবং যখন অনেক নিবেদন কর তখন ও আমি শুনিব না কেননা তোমারদের

১৬ হাত রক্ত পূর্ন । আপনারদিগকে ধুঁও পরিস্কার হও
তোমারদের কুক্রিয়া দূর করাও আমার গোচর হইতে ।
১৭ কুক্রিয়া করন ত্যাগ করহ সুক্রিয়া করন শিক্ষ
প্রকৃত করন চেষ্টা কর যাহা নষ্ট হইয়াছে তাহা
শোধিন কর পিতাহীনের প্রকৃত বিচার কর বিধবার
১৮ মকর্দ্দমা কর । য়িহুহা বলেন আইস আমরা
উত্তর প্রত্যুত্তর করিব তোমারদের পাপ যদি
সিন্দুরের ন্যায় তাহা হইবে বরফের ন্যায় শুক্ল বর্ণ
তাহা যদি রক্ত বর্নের মত রাঙ্গা তথাচ হইবে যেমন
১৯ মেষের লোম । তোমরা ঐচ্ছিক ও আজ্ঞামানক
২০ হইয়া দেশের উত্তম খাইতে পাইবা । কিন্তু হেয়জ্ঞান
ও হুজ্জুৎ করিলে শত্রু তলোয়ারের ভক্ষ্য হইবা
২১ কেননা য়িহুহার মুখ করিয়াছেন সে কথা । বিশ্বাসী
সহর বেশ্যা হইয়া গেল কেমনে যাহা ছিল প্রকৃত
বিচার পূর্ন ধর্ম্ম বাস করিল তাহার মধ্যে কিন্তু এখন
২২ বধীরা । তোমার রূপা কাইট হইয়াছে তোমার
২৩ দ্রাক্ষারস জলে মিশ্রিত । তোমার অধ্যক্ষগন
হুজ্জুতি হইয়াছে ও চোরের সাথীরা তাহারদের প্রত্যে
কন নজর চাহে এবং এনাম চেষ্টা করে তাহারা পিতা
হীনেরদের প্রকৃত বিচার করে না বিধবার মকর্দ্দমা
২৪ ও আইসে না তাহারদের গোচরে । সেকারন ভগবান
সৈন্যের য়িহুহা য়িশরালের সর্ব্বশক্তি বলেন আহা
আমি শত্রু ভারেতে বিশ্রাম পাইব আমার শত্রুরদিগকে
২৫ প্রতিহিংসা করিব । আমার হস্ত ও পুনর্ব্বার আনিব
তোমার ওপর ও আম্বরেতে তোমার কাইট ধুংস

২৬ করিব এবং তোমার সকল সুপ অন্তর করিব। আমি ও পুনর্ব্বার দিব তোমার বিচার কর্ত্তা পূর্ব্বকালকার মত এবং তোমার মন্ত্রীরা আরম্ভ কালের মত ইহার পরে তোমার নাম খ্যাত হইবে বৈর্ম্ম সহর বিশ্বাসি
২৭ পুবীন সহর। বিচার করনেতে চীয়নের উদ্ধার হইবে এবং তাহার পরদেশে নিবাসীরদের উদ্ধার ও
২৮ হইবে প্রকৃতার্থে। কিন্তু সর্ব্বনাশ একিবার ঘটিবে পামর ও পাপীরদিগিকে এবং যাহারা ত্যাগ করে
২৯ য়িহহাকে তাহারদের বিংশ হইবে। কেননা তোমরা তোমারদের ইষ্ঠ আলন বৃক্ষেতে লজ্জিত হইবা ও বিবর্ণ
৩০ হইবা তোমারদের মনিত উদ্যানেতে যখন পাতা ঝরা আলন বৃক্ষ ও নির্জ্জল উদ্যানের মত হইবা।
৩১ বলবান ও হইবে পাটের মত এবং তাহার কার্য্য অগ্নির ওখার ন্যায় এবং দুহে একিবার জ্বলিয়া পুড়িবে ও কেহ তাহা নিবাইবে না।—

পর্ব্ব ২ এ সে বাক্য যাহা আমোচের পুত্র য়িশঔীহার ঠাঁই প্রকাশ হইল য়িহোদা ও য়িরোশলমের বিষয়।—

শেষ দিনে এমন হইবে য়িহহার ঘরের পর্ব্বত স্থির করিতে হবে পর্ব্বতগনের মাথায় এবং গিরিগন হইতে ওচ্চ করাইতে হইবে ও সকল বর্ন স্রোতের ন্যায়
৩ দৌড়িবে তাহার কাছে। এবং অনেক লোকেরা যাইয়া কহিবে আইস আমরা যাই য়িহহার পর্ব্বতে যাঁকুবের ঈশ্বরের ঘরে তিনি ও আপনার পথ শিক্ষাইবেন আমারদিগীকে এবং আমরা ও তাহার পথে গমন করিব

কেননা জীয়ন থাকিয়া বিধি যাইবে ও য়িহুহার বাক্য
৪ য়িরোশলম হইতে। তিনি ও বিচার করিবেন বর্গের
মধ্যে এবং পাপজ্ঞ করাইবেন অনেক লোকেরদিগকে
ও তাহারা তাহারদের তলোয়ার পিটিয়া লাঙ্গলের
ফাল করিবে এবং বরশাতে কাস্ত্যা এক বর্ন তলোয়ার
উঠাইবে না অন্য বর্নের বিপরিতে তাহারা ও আর
৫ যুদ্ধ করণ শিক্ষিবে না। হে যাঁকুবের বংশ আইস
৬ আমরা গতি করি য়িহুহার দীপ্তিতে। অবশ্য তুমি
আপনার যাঁকুবের বংশ লোককে ত্যাগ করিয়াছ
কেননা তাহারা পুর্বদিগ হইতে তান পুর্ন এবং
পলশতিরদের ন্যায় গুনী পুর্ন তাহারদের ও আছে
৭ অনেকং তার সন্তান। তাহার দেশ ও রুপা
৮ স্বর্ন পুর্ন ও তাহার ধনের সীমা নহে তাহার
দেশ ও ঘোড়া পুর্ন ও তাহার রথের সীমা নহে তাহার
দেশ ও দেব পুর্ন সে প্রনাম করে আপনার হস্ত
কৃত বস্তুর কাছে আপন অঙ্গুলিকৃত বস্তুর কাছেই।
৯ তেকারন ইতর লোককে হেঁট করাইতে হইবে ও
মহৎ লোককে ক্ষুদ্র করিতে হইবে তুমি ও মাফ করিবা
১০ না তাহারদিগকে। পর্বতে যাইয়া ধুলায় গুপ্ত রহ
য়িহুহার ভয় ও মহত্বতা তেজ হইতে যখন উঠেন
১১ পৃথিবী শঙ্কা মারনাথে। মানুষের গুমানি দৃষ্টি ছোট
করাইতে হইবে মরনীয় মনুষ্যের উচ্চতা নিচে করাইতে
হইবে এবং কেবল য়িহুহা উচ্চস্থ মানিতে হইবেন সে
১২ দিনে কেননা সৈন্যের য়িহুহার দিবস প্রতি মহৎ
এবং উচ্চা বস্তুর বিপরিতে ও প্রতি গুমানি বস্তুর

১৩ বিপরিতে ও তাহা অনুতা করিতে হইবে। বটে লবাননের সকল ওচ্চ ও বড় আরজ বৃক্ষের বিপরিতে
১৪ ও বশনের সকল আলন বৃক্ষের বিপরিতে ও সকল ওচ্চ পর্ব্বতের বিপরিতে ও সকল বড় গিরির
১৫ বিপরিতে। ও পুতি ওচ্চ গুম্বু গড়ের বিপরিতে ও
১৬ মজবুত কৃত পুতি দেয়ালের বিপরিতে। ও তর্শিশের পুতি জাহাজের বিপরিতে ও সকল চিত্র কর্ম্মের
১৭ বিপরিতে। মনুষ্যের অহঙ্কার ও নামাইতে হইবে ও মরণীয় মনুষ্যের ওচ্চতা নিচ করাইতে হইবে এবং
১৮ য়িহুহা কেবল ওচ্চম্ মানিতে হইবেন সে দিনে। এবং
১৯ দেবগন ষোলয়ানা অন্তর্দ্ধান হইবে। তাহারা ও যাবে পর্ব্বতের গহ্বরে এবং ধুলার গর্ত্তে য়িহুহার ভয় ও তাহার মহত্ত্বতার তেজ হইতে যখন পৃথিবী শঙ্কা
২০ ঘাতিতে ওঠেন। সে দিনে মনুষ্য তাহার রূপা ও স্বর্ন কৃত সেবা করন নিমিত্তক দেবতারদিগকে ফেলিয়া
২১ দিবে ক্ষুদ্রপরোক্ষ ও চামচিকার কাছে। পর্ব্বতের গুহা এবং হেটাট্যাং-রা পর্ব্বতের মাটায় যাইতে য়িহুহার ভয় ও মহত্তাতার তেজ হইতে যখন পৃথিবী
২২ ভয় ঘাতেতে ওঠেন। নাসিকায় নিশ্বাস বিশিষ্ট মানুষকে ত্যাগ কর কেননা তাহারে বিশ্বাস কারন কি।

পর্ব্ব ৩ — ১ কেননা দেখ ভগবান সৈন্যের য়িহুহা লড়াইতেছেন য়িরোশলম ও য়িহোদা হইতে পুতি ঢোকা ও পুতি পেলা ভক্ষ্য ও জলের সকল ঢোকাই। বলবান ও যোদ্ধা ও বিচার কর্ত্তা ও ভবিষ্যৎ বক্তা ও গুনিন ও পণ্ডিত।

৩ পঞ্চাশ জনের কর্ত্তা ও সম্ভ্রান্ত লোক ও মন্ত্রী ও
৪ হিকমতী ও স্তোত্র বাক্যতে নিপুন যে জন। আমি
ও ছোকরা তাহারদের রাজারা করিব বালকেরা ও
৫ কর্ত্তৃত্ব করিবে তাহারদের ওপর। লোকেরা ও
পরস্পর হিংসিত হইবে এবং প্রতি জন তাহার পরশির
ওপর গুমানী হইবে ছাওয়াল বৃদ্ধ মানুষের ওপর ও
৬ নিচ লোক মহতের ওপর। সে কারন কেহ আপনার
পিতার বাটীস্থ নিজ ভ্রাতার পরিচ্ছদ ধরিয়া কহিবে
আইস আমারদের পতি হও তোমার হাত যেন
৭ আমারদের এ নাশকল্প রাজ্য ধারক হয়। তৎকালে
সে জন এ কথা প্রকাশ করিবে আমি হইব না
তোমারদের ভঞ্জন বাধক কেননা আমার বাটীতে
খাইবার নহে বস্ত্র নহে আমাকে এ লোকের কর্ত্তা
৮ নিযুক্ত করিও না। য়িরোশলম কম্পিতেছে এবং
য়িহোদা পড়িতেছে কেননা তাহারদের জিহ্বা ও হস্ত
য়িহুহার বিপরিতে তাহারদের নামাননেতে তাঁহার
৯ মহত্বতার মেঘ কষ্ট করাইতে। তাহারদের মুখের
স্থিরতা প্রমাণ দেয় তাহারদের বিপরিতে কেননা
তাহারা সদমের মত স্বপাপ প্রকাশ করে তাহারা
তাহা গুপ্ত করে না। তাহারদের প্রানের সন্তাপ
হওক কেননা তাহারা আপনারদের দঃখ জন্মাই
১০ য়াছে। কহ যে ধার্ম্মিকের আশীর্ব্বাদ হইবে তাহার
অবশ্য কল্যান হইবে সেই আপনার ক্রিয়ার ফল ভোগি
১১ করিবে। দুষ্টেরদের সন্তাপ হওক তাহার অমঙ্গলা

ধিক্কার হইবে কেননা তাহার হাতের ক্রিয়ার ফল দিতে
১২ হইবে তাহাকে। কিন্তু আমারদের লোক বালক তাহার
দের অন্যায় দণ্ডক এবং স্ত্রী লোক তাহারদের উপর
কর্ত্তৃত্ব করে। হে আমার লোক আপনার অগ্রগ চুক
করায় তোমাকে ও তোমার পথের গমন ফিরায়।
১৩ য়িহহা ওঠেন আপনার ন্যায় করিতে তিনি ওঠেন
১৪ আপনার লোকের সহিত বাদানুবাদ করিতে। য়িহহা
আপনার লোকের প্রাচীন ও অধ্যক্ষগনের সহিত
আদালতে দেখা করিবেন। কিন্তু তোমরা আমার
দ্রাক্ষা ক্ষেত্র নষ্ট করিয়াছ গরিবেরদের লুটিত বস্তু
১৫ তোমারদের ঘরে আছে। ভগবান সৈন্যের য়িহহা
বলেন তোমারদের মনে কি যে আমার লোককে
দলিয়া ফেল ও গরিব লোকেরদের মুখ পিস।

১৬ য়িহহা ও কহিয়াছেন চীয়নের কন্যা অহঙ্কারী
এবং বুক বাড়াইতেং ও কজ্জল দিয়া তাহারদের চক্ষু
মিথ্যা সুন্দর করাইয়া ও আলক পায় গমন করিয়া
১৭ ও পদ শীঘ্র বিক্ষেপ করিয়া গমন করে। তেকারন
ভগবান নিচ করইবেন জীয়নের কন্যারদের মাথা
ও য়িহহা প্রকাশ করিবেন তাহারদের উলঙ্গতা।
১৮ সে দিনে য়িহহা খুলিয়া লইবেন তাহারদের সকল
১৯ অলঙ্কার মল ও জালী অলঙ্কার ও চন্দ্রহার ও ঝুমকা
২০ ও মালা ও কবরীল ঘোমটা। ও মাথার কাপড় ও
২১ তাড় ও হেলিয়া ও আতরদান ও অঙ্গুরি ও নুরুনুক
২২ ও নত ও সিল্কবস্ত্র ও ঘোমটা ও ওড়নী ও

২৩ বটুয়া ও চিকনবস্ত্র ও সরু জামা ও পাগড়ী ও
২৪ কয়াল। সুগন্ধের ঠাঁই পচা ঘা ও ভাল বন্ধ
পরিচ্ছদের ঠাঁই নেকড়া ও সুন্দর বিন্যাসের ঠাঁই
টাক ও বন্ধের ঠাঁই চট ও সুন্দর রূপের ঠাঁই চিয়ড়া
২৫ চর্ম্ম হইবে। তোমার লোক তলোয়ারের কোপে
২৬ পড়িবে ও তোমার বলবান লোক সংগ্রামে। ও
তাহার দ্বার ক্রন্দন ও রোদন করিবে সে ও অনাথা
হইয়া মৃত্তিকায় বসিবে।—

পর্ব্ব ৪ সে দিনে সাত জন স্ত্রী লোক এক জন পুরুষকে
ধরিয়া কহিবে আমরা আপনারদের ভক্ষ্য খাইব
আপনারদের বস্ত্র ও পরিব কেবল আমারদের লজ্জা
২ ঘুচনার্থে তোমার নাম আশ্রয় করিতে দিও। সে দিনে
য়িহুহার ডাল তেজযন্ত ও সুন্দর হইবে এবং দেশের
উৎপত্তি দিব্য ও বিলক্ষন য়িশরালের বংশের যাহারা
৩ বাঁচে তাহারদের কারন। এবং এমত হইবে জীয়নে
যে জন বক্রি আছে এবং য়িরোশলমে যে থাকে
তাহাকে ধার্ম্মিক কহিতে হইবে বটে য়িরোশলমের
জীবত লোকেরদের মধ্যে যে প্রতি জন লেখা হই
৪ য়াছে। ভগবান জীয়নের কন্যাগনের মল ও
ধুইয়া ফেলাইলে এবং বিচার ও জ্বলনাত্মা দিয়া
য়িরোশলমের রক্ত তাহার মধ্য হইতে পরিস্কার
৫ করিলে য়িহুহা জীয়ন পর্ব্বতের প্রতি থানা ও
তাহার সকল পবিত্র মণ্ডলির উপর মেঘ ও ধূম দিনে
এবং রাত্রে প্রজ্বলিত অগ্নির তেজ সৃজন করিবেন

৬ সকলের উপর ও তেজাচ্ছাদন হইবে। তাহা ও দিনে
গ্রীষ্মের নিবারণার্থে তাম্বু হইবে এবং আচ্ছাদন ও
আশ্রয় ঝড় ও বৃষ্টি হইতে।

পর্ব্ব ৫ সম্প্রতি আমার প্রিয়ের ঠাঁই গীত গাইব প্রেম গীতি
তাহার দ্রাক্ষা ক্ষেত্রের বিষয়। আমার প্রিয়ের একটা
দ্রাক্ষা ক্ষেত্র ছিল এক উত্তা ফলবান পর্ব্বতের মাথায়।
২ তাহার বেড় ও করিলেন ও পাথর বাছিয়া ফেলিলেন
এবং শরকের দ্রাক্ষা গাছ রুপিলেন ও গড় গাঁথা
ইলেন ও সরোবর খুদিলেন তাহার মধ্যে পরে
ভাবিলেন যে তাহার দ্রাক্ষা ফল হবে কিন্তু তাহা
৩ আমতোকা ফল ফলিল। এখন হে যিরোশলমের
গৃহস্থ ও যিহোদার প্রজারা আমি মিনতি করি
তোমরা আমার ও আমার দ্রাক্ষা ক্ষেত্রের মধ্যস্থ
৪ হইয়া বিচার করহ। আমার দ্রাক্ষা ক্ষেত্রে আমার
কৃত ক্রিয়াধিক কি করিতে আমার সাধ্য আমি যখন
ভাবিলাম যে দ্রাক্ষা ফল ফলিবে তখন কেন আম
৫ তোকা ফল ফলিল। অতএব এখন আইস আমি
তোমারদিগিকে জানাইব কিং আমার দ্রাক্ষা ক্ষেত্রকে
করিতে চাওরি। তাহার আবরন ছড়াইব এবং তাহা
খায়া যাবে তাহার বেড় নষ্ট করিব পরে তাহা
৬ দলান হইবে। আমি ও তাহা নিরাবাদ করাইব
তাহার কটান ও খোদন হবে না কিন্তু ম্যাকুল
ও কাঁটাগাছ তাহাতে উঠিবে আমি মেঘকে ?
আজ্ঞা দিব যেন বৃষ্টি বর্ষায় না তাহার উপর।

৭ সত্য য়িশরালের বংশ আছে সৈন্যের য়িহুহার দ্রাক্ষা ক্ষেত্র ও য়িহোদার লোক তাহার তোষক বৃক্ষ তিনি ভাবিলেন যে বিচার হইবে কিন্তু দেখ জোর ও যে ধর্ম্ম হইবে কিন্তু দেখ জোরের হাহাকার ধ্বনি।

৮ তোমারদিগের সন্তাপ হওক যে বাটী বাটী ও ক্ষেত্র ক্ষেত্র একত্র কর যে পর্য্যন্ত স্থান থাকে নহে এবং তোমারদের একা বসতি হয় দেশের মধ্যে।

৯ সৈন্যের য়িহুহা আমার শ্রবণে এ কথা প্রকাশ করিয়াছেন অবশ্য অনেক বাটীর বিনাশ হইবে বটে বড়

১০ ও সুন্দর বাটী গৃহস্থ শূন্য হইবে। বটে দশ বিঘা দ্রাক্ষা ক্ষেত্রের উৎপন্ন হবে এক বাত দ্রাক্ষা রস এবং এক ক্ষোমর বীজ এক আইফা ফলোৎপন্ন হইবে।—

১১ তাহারদিগের সন্তাপ হওক যাহারা শুরা পানার্থে ভোরে ওঠে যাহারা সায়ংকালে বহুকাল বসে দ্রাক্ষা

১২ রসের তাপ পাওনের জন্য। এবং বীন ও নবল ও তবল ও বাঁশ ও দ্রাক্ষা রস তাহারদের নিমন্ত্রণে কিন্তু তাহারা য়িহুহার ক্রিয়া মানে না তাহারা তাহার হস্ত

১৩ কৃত দেখিতে পায় না। অতএব জ্ঞানাভাবেতে আমার লোক অন্য দেশের বাসে যায় তাহারদের মহৎ লোক ও ক্ষুধে মরিয়াছে ও তাহারদের ইতর লোক তৃষ্ণি

১৪ শুষ্ক গিয়াছে। অতএব অদর্শন তগাত বাড়াইয়াছে তাহার খাওনেচ্ছা এবং অত্যন্ত বিস্তার করিয়াছে তাহার মুখ ও তাহার মহৎ ও ইতর লোক ও তাহার কর্ম্মকারী মানবা ও যত লোক আনন্দ করে তাহার

১৫ মধ্যে ইহারদিগকে গিলিয়া যায়। এবং ইতরকে হেঁট

করিতে হইবে এবং মহৎ লোককে নামাইতে হইবে
১৬ গর্ব্বী লোকেরদের দৃষ্টি ও নামাইতে হইবে। এবং
সৈন্যের য়িহুহা বিচারে উচ্চ করাইতে হইবেন ধর্ম্ম
১৭ প্রভু ও আপনার প্রকৃতার্থ প্রকাশনে পবিত্র মানিতে
হইবেন। তখন মেষগণ মেলা চরিবে ও ছাগলগণ
আত্মম্ভরির আবাদি ক্ষেত্র খাইবে।

১৮ তাহারদিগের সন্তাপ হউক যাহারা কুক্রিয়া দীর্ঘ
কাচি এবং পাপ গাড়ির শাঙ্গড়ার মত দীর্ঘ করিয়া
১৯ টানে যাহারা কহে সে শীঘ্র করুক বটে আপনার
কার্য্য শীঘ্র করুক আমারদের তাহা দেখনের কারণ
য়িশরালের ধর্ম্মের পরামর্শ হউক তাহাই হউক যেন
২০ আমরা তাহা জানিতে পাই। তাহারদিগের সন্তাপ
হউক যাহারা মন্দ বলে ভাল ও ভাল মন্দ যাহারা
অন্ধকার করে আলোর স্থানে এবং আলো অন্ধকারের
২১ যাহারা তিক্ত করে মিঠার স্থানে ও মিঠা তিক্তের। তাহার
দিগের সন্তাপ হউক যাহারা আপনার দৃষ্টিতে জ্ঞানবান
২২ এবং আপনারদের বুঝনে সাবধানী। তাহারদিগের
সন্তাপ হউক যাহারা দ্রাক্ষা রস পান করিতে বিক্রমী
২৩ ও শুরা মিশিতে বলবান। যাহারা শিরপা কারণ
অপরাধীকে প্রকৃতার্থিক করায় ও ধার্ম্মিকের ধর্ম্ম
২৪ খণ্ডে। অতএব যেমন আগুনের জিহ্বা নাড়া চাটিয়া
ফেলে ও যেমন শিখা ভুষি খাইয়া ফেলে সে মত ও
তাহারদের মূল পলকানের মত হইবে এবং তাহার
দের ফুল ধূলার ন্যায় উড়িয়া যাবে [illegible]
তাহারা সৈন্যের য়িহুহার বিধি তুচ্ছ করিয়াছে ও

২৫ য়িশরালের ধর্ম্মের কথা হেলন করিয়াছে। এতদর্থে য়িহ্বহার ক্রোধ প্রজ্বলিত আছে তাহার লোকের বিপরিতে তিনি ও হস্ত বাড়াইয়াছেন তাহারদের বিপরিতে তিনি ও তাহারদিগকে মারিলেন এবং পর্ব্বৎগন কম্পিত হইল তাহারদের শব ও গলিতের ন্যায় গলির মধ্যে পড়িল।

এ সকল হইলে তাহার ক্রোধ ফিরে না কিন্তু এইক্ষনে তাহার হাত বিস্তীর্ন হইয়াছে।

২৬ তিনি ও ধ্বজ উঠাইবেন অতি দূর বর্নগনের কারন ও তাহারদের প্রতি এক জন ডাকনার্থে পৃথিবীর সীমা হইতে শিষ দিবেন দেখ তাহারা ও শীঘ্র

২৭ করিয়া আসিবে। তাহারদের কেহ দুর্ব্বল নহে কেহ ওজট খাইতেং যায় না কেহ তন্দ্রা যাবে কি ঘুমাবে না তাহারদের কমরবন্ধ ও খুলা যাবে না

২৮ ও তাহারদের জুতার সুতা শৈথিল্য যাবে না। যাহার দের বান তীক্ষ্ন আছে এবং যাহারদের সকল ধনুক চাড়া দেয়া তাহারদের ঘোড়ার খুর হিরার মত গনিতে

২৯ হইবে ও তাহারদের চক্র ঘুর্নীয়ার ন্যায়। তাহার দের গর্জ্জন সিংহের গর্জ্জনের মত যেমন সিংহের ছা তেমন গর্জ্জিবে তাহারা গর্জ্জন করিয়া শিকার ধরিবে তাহারা ও তাহা লইয়া গেলে কেহ নিস্তার

৩০ করিবে না। সে দিনে তাহারা সমুদ্রের গর্জ্জনের মত তাহারদের বিপরিতে গর্জ্জন করিবে এবং ইহারা স্বর্গ ও পৃথিবীরদিগে দৃষ্টি করিবে এবং দেখ অন্ধকার ও দুঃখ এবং আলো সে ঘোর কুজ্ঝটিতে নষ্ট হয়।

পর্ব্ব ৬ যে বৎসর উজীহা রাজা মরিলেন সে বৎসরে বড় এবং উচ্চ সিংহাসনের উপরস্থ য়িহুহাকে দেখিয়াছি এবং তাহার নিয়ার মন্দির পরিপূর্ণ

২ তাহার উপর স্থলে শরাফী দণ্ডাইল সে প্রত্যেক শরাফের ছিল ছয়ং পাখা দুইটা তাহার মুখ ঢাকে আর

৩ দুইটা পদ ঢাকে ও আর দুইটা দিয়া উড়ে। তাহারা ও পরস্পর ডাকিয়া কহিল ধর্ম্ম ধর্ম্ম ধর্ম্ম সৈন্যের

৪ য়িহুহা সমস্ত পৃথিবী তাহার তেজ পূর্ণ আছে তাহার দের চিৎকারে দরদালানের থাম লড়িল এবং

৫ মন্দির ধূম পূর্ণ ছিল। তখন আমি বলিলাম আহা আমি গোপ্তা হইয়াছি কেননা আমি অশুচোষ্ঠা ধরী মানুষ এবং অশুচোষ্ঠাধরী লোকের মধ্যে নিবাসী কেননা আমার চক্ষু রাজা সৈন্যের

৬ য়িহুহাকে দেখিতে পাইয়াছে। পরে এক জন শরাফী উড়িয়া আইল আমার কাছে একটা আঙ্গিরা করিয়া যাহা চিমটা দিয়া লইয়াছিল যজ্ঞকুণ্ড হইতে

৭ তাহার হস্তে। পরে আমার মুখ স্পর্শ করিয়া বলিল দেখ এই তোমার মুখ স্পর্শ করিয়াছে তাহাতে তোমার অযথার্থ গিয়াছে এবং তোমার পাপ

৮ মোচন হইয়াছে। পরে আমি শুনিলাম য়িহুহার বর কহিয়া কাহাকে পাঠাইব এবং কেডা যাইবে আমারদের কারন তখন আমি কহিলাম দেখ আমি

৯ এখানে আমাকে পাঠাও। তিনি বলিলেন এ লোকেরদের কাছে যাইয়া বল তোমরা শুনিতেছ বটে কিন্তু বুঝেতে পাও না তোমরা

১০ নিতান্ত দেখিতেছ কিন্তু জানিতে পাও না। এ লোকের অন্তঃকরণ নুদ্দি করাও তাহারদের কর্ণ ও বধির করাও এবং তাহারদের চক্ষু মুদ্দাও পাছে তাহারদের চক্ষে দেখিতে পাবে ও কর্ণে শুনিতে পাবে এবং অন্তঃকরনে বুঝিতে পাবে ও মনে ফিরিবে তাহাতে ১১ আমি সুস্থ করাইব তাহারদিগকে। তখন আমি বলিলাম হে য়িহহা এই কতক্ষনে। তিনি বলিলেন সহর বাসী শূন্য ও বাটী নর শূন্য হওন বিনাশ পর্য্যন্ত ১২ ও দেশ ঘোলয়ানা প্রজা শূন্য হওন পর্য্যন্ত। য়িহহা মানুষ্য জাতি অতি দুর সরান এবং অনেক অনাথা ১৩ স্ত্রী লোক দেশের মধ্যে হওন পর্য্যন্ত। দশমাংশ যদি থাকে তাহার মধ্যে তবে ও তাহার পুনঃ বিনাশ হইবে কিন্তু যেমন আলা এবং আলন বৃক্ষ যদি ছেদন করে তবে তাহার মুড়া থাকে তেমন ও ধর্ম্ম বীজ হইবে এ বর্নের মুল।—

পৰ্ব্ব ৭ য়িহোদার উজীহা রাজার পুত্র যোতমের পুত্র আহ্বজের কালে আরমের রচিন রাজা ও রমলীহার পুত্র পকা য়িশরালের রাজা আইল য়িরোশলমের সৈন্য ব্যস্তুনাথে কিন্তু তাহা পরাস্ত করিতে পারিল না। ২ এবং যখন এ কথা কহা গেল দাওদের বংশকে যে আশ্রিয় আছে আরমের উপকারী তখন রাজার মন ও তাহার লোকের মন কম্পমান হইল বাতাসে লতা কোলন বৃক্ষের ন্যায়। তৎকালে য়িহহা কহিলেন

য়িশঈয়াকে তুমি ও তোমার শয়রয়িশব পুত্র অন্তর
দিগে পুষ্কার্নির মাথায় ধোপার ভুমির পথে আহুজের
৪ সহিত দেখা করিতে যাও। তাহাকে ও বল সাবধান
হও অমনি থাক এ দুই সৌলপোড়া লেজ তাহাই রচিন
ও রমলীহার পুত্রের মহা কোপের জন্য ভয় না এবং
৫ অন্তঃকরণে দুর্ব্বল হইও না কেননা আরম আফ্রিম ও
রমলীহার পুত্র কুপরামর্শ করিয়াছে তোমার বিপরিতে
৬ কহিয়া আইস আমরা য়িহোদার বিপরিতে যাইয়া
তাহার দেক করি আমরা ও তাহার কিছু ছিড়িয়া লই
আপনারদের কারন আমরা ও তাহার কর্তৃত্বাধে
এক জন রাজা টবালের পুত্র নিযুক্ত করি তাহার
৭ মধ্যে। য়িহ্বহা ভগবান এমন কহেন তাহা স্থির
৮ হইবে না তাহাই হইবে না। আরমের মাথা
দমাশেক বটে ও দমাশেকের মাথা রচিন কিন্তু
পঞ্চিষষ্ঠি বৎসরের মধ্যে আফ্রিমের ভঞ্জন হইবে
৯ যেন তাহা পুনরায় বর্ন হয় না। আফ্রিমের
মাথা শমরন বটে ও শমরনের মাথা রমলীহার
পুত্র তথাচ তোমরা আমাকে প্রত্যয় না করিয়া স্থির
হইবা না।
১০ য়িহ্বহা ও পুনর্ব্বার এ কথা কহিলেন আহুজকে।
১১ তোমার ঈশ্বর য়িহ্বহার ঠাঁই লক্ষন প্রার্থনা কর নিচস্থ
১২ গভীরে কি ঊর্দ্ধস্থ স্বর্গে তাহা চাহ। কিন্তু আহুজ
বলিল আমি চাহিব না আমি ও য়িহ্বহার পরিক্ষ লইব
১৩ না। পরে তিনি বলিলেন হে দাওদের বংশ
এখন শ্রবণ করহ তোমরা যদি মানুষকে ত্যক্ত

করো তাহা কি ক্ষুদ্র বিষয় যে আমার ঈশ্বরকে ও
১৪ ত্যক্ত করিবা । অতএব যিহুহা আপনি এক লক্ষণ
দিবেন দেখ এক জন কন্যা গর্ব্ভবতী হইয়া পুত্র প্রসব
১৫ হয় সে তাহার নাম রাখিবে ঈমনুএল । সে কুক্রিয়া
হেয়জ্ঞান করণ ও সুক্রিয়া পসন্দ করণ জ্ঞানোদ্দত্ত
১৬ হইয়া মাখন ও মধু আহার করিবে । কেননা এ
বালকের কুক্রিয়া হেজ্ঞান ও সুক্রিয়া পসন্দ করণ
জ্ঞান উপস্থিতের পূর্ব্বে যে দেশের দুহে রাজার
ঠাঁই ক্লেশ পাইতেছ সে দেশ নিরালয় হইবে ।
১৭ যিহুহা এমন দিন আনিবেন তোমার ও তোমার লোক
ও তোমার পিতৃ বংশের উপর যে কখন হইল না
সে দিনাবধি যাহাতে আফ্রিম যিহোদাকে ত্যাগ
১৮ করিল । সে দিনে এমত হইবে যিহুহা শিষ দিয়া
মিসরের নদীর অন্তদেশের মক্ষিকা ও আশোর
১৯ দেশের মধুমাচি আনাইবেন । তাহারা ও
আসিয়া সকল নিরাবাদ প্রান্তরে ও হাঁটাটাঙ্গিরা
পর্ব্বতের উপর ও নিবিড় বনে ও গুহায় বসিবে ।
২০ সে দিন যিহুহা নদীর ও পারস্থ লোক ভাড়াটে
ক্ষুর তাহাই আশূরের রাজা দিয়া মস্তক ও পদলোম
ক্ষৌরি করিবেন দাড়িই ও নষ্ট করিতে হইবে ।
২১ সে দিনে এ মত হইবে যদি কেহ যুবা গাভী ও দুইটা
২২ মেষ পালন করে তবে তাহারদের অনেক দুগ্ধ কারণে
মাখন খাইবে বটে দেশে বক্রি যেহ জন হয় সে জন
২৩ মাখন ও মধু খাইতে পাইবে । এবং প্রতি ক্ষেত্র
যাহাতে সহস্র কন্যমুদ্রা মূলবান সহস্র দ্রাক্ষা গাছ

তাহা সে দিনে স্যাকুল ও কাঁটা গাছ হইবে ।
১৪ লোকেরা বান ও ধনুক হাতে করিয়া সেখানে যাইবে
কেননা সমস্ত দেশ স্যাকুল ও কাঁটা গাছে পূর্ণ
২৫ হইবে। এবং পূর্ব্বকালের কোদালি দ্বারা আবাদ
সকল পর্ব্বত যেখানে স্যাকুল ও কাঁটার ভয় কখন
হইল না সেই হইবে বলদ চরান ও মেষ ভ্রমনের
জন্য ।

পর্ব্ব য়িহুহা ও কহিলেন আমাকে একখান বড় আর্শি
৮ লইয়া যোদকারকের হাতিয়ার দিয়া ওপর খুদ
২ তাহার লুট শীঘ্র করনার্থে শিকার ত্বরায় ধরনার্থে ।
তখন আমি প্রমানের জন্য বিশ্বাসী সাক্ষীরদিগকে
আওরীহা যাজক ও য়িবরখীহার পুত্র জখরীহাকে
৩ ডাকিলাম আমার কাছে। পরে আমি ভবিষ্যৎবক্তার
নিকটে গেলে সে গর্ব্ভবতী হইয়া পুত্র প্রসব হইল তখন
য়িহুহা কহিলেন আমাকে তাহার নাম মাহর শালল
৪ হুশবজ রাখ । কেননা এ বালক আমার পিতা আমার
মাতা উচ্চারন জাননের পূর্ব্বে দমাশেকের ধন ও
শামরনের লুট লইয়া যাইতে হবে আশোরের রাজার
অগ্রে ।
৫ তারপর য়িহুহা এ কথা কহিলেন আমাকে ।
৬ এ লোক শিলোয়াক্ষের মন্দ২ শ্রোতের জল
হয়ত্তান করিয়া রজিন ও রমলীহার পুত্রে
৭ আনন্দিত হইয়াছে। অতএব দেখ ভগবান
নদীর জল সে মহা বেগী ও বিক্রম শ্রোতীয় তাহাই

আশোরের রাজা ও তাহার সকল সামন্ত তাহারদের
৩ উপর আনিতেছেন সেই তাহারদের সকল নদীর
উপরে ফুলিবে তাহার সকল পার ছাড়িয়া ও উঠিবে।
৮ সে ও ফুলিতেং বাড়িতেং যিহোদা দিয়া যাবে সে
গলা পর্য্যন্ত পাবে হে ঈমনুএল তাহার পাখার বাড়ান
৯ হবে তোমার দেশের প্রস্থেতে। হে লোকেরা
ইহা জ্ঞাত হও এবং চমৎকৃত হও হে দূর দেশস্থেরা
তাহা অবধান কর আপনারদের কমর বান্ধিয়া ভীত
হও বটে আপনারদের কমর বান্ধিয়া ভীত হও।
১০ পরামর্শ কর ও তাহিহি বৃথা হইবে কথা কহ তাহাই
ও স্থির হইবে না কেননা প্রভু আমারদের সহিত।
১১ যিহ্বহা যখন আমার হাত ধরিয়া শিক্ষাইলেন
আমাকে তখন কহিলেন যে এ লোকের পন্থে তোমার
১২ গমন করিতে হইবে না কহিয়া যাহা এ লোক পবিত্র
কহে তাহা পবিত্র কহিও না তাহারদের ভয়েতে ও
১৩ ভীত হইও না, সশঙ্কিত হইও না। যিনি সৈন্যের যিহ্বহা
তাহাকে পবিত্র কর তিনি যেন তোমারদের ধ্যান্য ও
১৪ তোমারদে[illegible] ভেতব্য হন। তি[illegible]নি ও তোমারদের
এক আশ্রয় হইবেন কিন্তু যিশরালের দুই বংশের
দিগের বাধা পাথর ও ত[illegible] করন পর্ব্বৎ বটে
ফাঁ[illegible] [illegible]ন যিরোশলমের প্রজারদিগের কাছে
১৫ এব[illegible] [illegible]দের অনেক লোক উচট গালিতেং যাবে
ও প[illegible]ড়িবে ও ভাঙ্গা যাবে ও ফাঁদে পড়িয়া ধরা
১৬ যাবে। সাক্ষ্য কথা বান্ধিয়া রাখ আজ্ঞায় মহর
১৭ চাপাও আমার শিষ্যেরদের মধ্যে। আমি

যাঁকুবের বংশ হইতে মুখ গুপ্ত করন যিহুহার অপেক্ষা করিব বটে আমি তাহার অপেক্ষা করিব।
১৮ দেখ আমি ও আমার যিহুহা দত্ত সন্তানেরা যিশ্রালের মধ্যের লক্ষন ও অদ্ভুত বস্তুর কারন হই যাহা
১৯ চীয়ন পর্ব্বৎ বাসী সৈন্যের যিহুহা হইতে। যখন তাহারা তোমারদিগকে কহে জান ও গুনিনেরদের স্থানে চাহ তাহারদের স্থানে যাহারা ফুসং ও বিড়ং করে লোক কি আপনাদের ঈশ্বরের স্থানে চাহিবে না। তাহারা কি মরার স্থানে জীবতের বদলে
২০ চাহিবে। তাহারা আজ্ঞা ও সাক্ষ্যার্থ কথার স্থানে চাহক তাহারা সে সুষ্ঠ বাক্যানুযায়ি যদি
২১ কহে না তবে তাহারদের প্রতি জন দুঃখিত ও ক্ষুধিত দেশান্তরে যাবে পরে সে ক্ষুধিত ও আপনার বিষয় ক্রুদ্ধ হইয়া তাহার রাজা তাহার ঈশ্বরকে শাপ
২২ দিবে। সে ঊর্দ্ধ ও মৃত্তিকারদিগে দৃষ্টি করিবে কিন্তু দেখ দুঃখ ও অন্ধকার ও ঘোরতা ও ক্লেশ ও ঘোর
২৩ তমান্ধকার কিন্তু তাহার পরে সে দুঃখ পাওয়া দেশে অন্ধকার হইবে না। পূর্ব্বকালে তিনি নিচ করাইলেন জবুলন ও নপ্তলি দেশ কিন্তু শেষকালে তাহা তেজস্ব করিয়াছেন তাহাই সমুদ্রের পথ্থ যির্দ্দনের ও পার অন্য বর্নের গালিলি।

পর্ব্ব ১ যে লোক অন্ধকারে গতি করিল তাহারা মহা আলো দেখিতে পাইয়াছে যাহারা মৃত্যুৎপন্ন ছায়া দেশে বাস করিল তাহারদের উপর আলো

২ প্রকাশ হইয়াছে। তুমি বর্ণ বাড়াইয়াছ তুমি
তাহারদের আহ্লাদ বাড়াইয়াছ তাহারা তোমার
বিদ্যমান ফসল সময় ও লুটাংশকেরদের মত
৩ আনন্দ করে। কেননা তুমি তাহার ভার
বহন বাঁক ও তাহার স্কন্ধের ওপর যে শাইঙ্গি
ও তাহার অন্যায় দণ্ডকের দণ্ড ভাঙ্গিয়াছ যেমন
৪ মদীনের দিনে। কেননা সংগ্রামস্থ সজ্জ
সৈন্যের যোজা এবং অনেক রক্ত মাখা বস্ত্র হইবে
৫ পোড়ান তাহাই অগ্নির খড়ির কারন। কেননা
এক জন বালক জন্মিয়াছে আমারদের কারন এক জন
পুত্র আমারদিগকে দেয়া গিয়াছে কর্তৃত্ব ভার
হইবে তাহার স্কন্ধের ওপরে তাহার নাম ও আশ্চর্য্য
মন্ত্রী বলবান প্রভু অনন্ত কালের পিতা নির্যুদ্ধ রাজা
৬ বলিতে হইবে। তাহার কর্ত্তৃত্ব ও মঙ্গল বাড়নের
শেষ হইবে না দাওদের সিংহাসন ও রাজ্যের
ওপর ন্যায় ও প্রকৃত ক্রিয়াতে তাহা এখানাবধি
ও সদাসর্ব্বক্ষনে অক্ষয় ও স্থির করনের নিমিত্ত।
সৈন্যের য়িহুহার করনার্থ জ্বলন তাহা করিব।
৭ য়িহুহা এক বাক্য পাঠাইলেন যাঁকুবের বিপরিতে
৮ তাহা ও য়িশরালের ওপরে বসিয়াছে। এ সকল
লোক তাহাই আফ্রিম এবং শমরনের প্রজা আপনার
দের অন্তঃকরনের অহঙ্কার ও দর্পেতে দম্ভমান হইয়া
৯ কহে ইষ্টক পড়িয়াছে কিন্তু আমরা খোদকারি
পাথর গাঁথিব অশ্বত্থ পড়িয়াছে কিন্তু আমরা আরজ
১০ বৃক্ষ তাহারদের স্থানে দিব। সে কারন য়িহুহা

রচিনের অর্ব্বাক্কেরদিগকে উঠাইবেন তাহার বিপক্ষিতে
১১ তাহার সকল শত্রু একিবারই উঠাইবেন। পূর্ব্বদিগে
আরমীরা পশ্চিমদিগে পলশতীরা তাহারা প্রতিদিগে
য়িশরালকে খাইয়া ফেলিবে।—

এ সকল হইলেও তাহার ক্রোধ ফিরে না কিন্তু
এখন পর্য্যন্ত তাহার হস্ত বিস্তীর্ন হইয়াছে।—

১২ যিনি মারিলেন তাহারদিগকে তথাচ তাঁহারদিগে
এ লোক কখন ফিরে না ও ইসনের য়িহ্হাকে চেষ্টা
১৩ করে না। তেকারন য়িহ্হা য়িশরাল হইতে মাথা
ও লেজ তাল ও পাতি একি দিনে ছেদন করিবেন।
১৪ বৃদ্ধ ও সম্ভ্রান্ত লোক তিনি মাথা ভবিষ্যৎ বক্তা যে
১৫ মিথ্যা কথা শিক্ষায় সে আছে লেজ। কেননা এ
লোকেরদের গুরু তাহারদিগকে ভুলায় ও যাহারা
তাহারদের কথা মানে তাহারদিগকে খাইয়া
১৬ ফেলিতে হইবে। এতদর্থে য়িহ্হা তাহারদের যুবা
লোকেরদিগকে দেখিয়া আনন্দ না করিবেন ও তাহার
দের পিতা হীন জায়াত ও বিধবারদিগকে কিছু
দয়া করিবেন না কেননা তাহারদের প্রতি জন
কাল্পনিক ও কুকর্ম্মা আছে প্রতি মুখ ও অবোধি কথা
কহে।—

এ সকল হইলেও তাহার ক্রোধ ফিরে না কিন্তু
তাহার হস্ত এখন পর্য্যন্ত বিস্তীর্ন হইয়াছে।—

১৭ কেননা কুক্রিয়া জ্বলে অগ্নির মত তাহা পোড়িয়া
ফেলিবে ম্যাকুল ও কাঁটা তাহা ও বনের নিবিড় স্থান

১৮ পোড়াইবে ও ধুঁয়া মেঘ হইয়া উঠিবে। সৈন্যের য়িহূহা ক্রোধেতে দেশ অন্ধকার হইয়াছে লোক ও হইবে যেমন অগ্নির খড়ি কেহ আপনার ভাই দয়া করিবে না।
১৯ কিন্তু সে দক্ষিনে কাড়িয়া লইবে তখন ও তাঁহার ক্ষুধা থাকিবে এবং বামে খাইয়া ফেলিবে পরিতুষ্ট কিন্তু ও হইবে না প্রতি জন আপন প্রতিবাসীর মাংস খাইবে।
২০ মনশা আফ্রিমকে খাইয়া ফেলিবে ও আফ্রিম মনশাকে তাহারও দুই জন একযোগী হইবে য়িহোদার বিপরিতে।

এ সকল হইলে তাহার ক্রোধ ফিরে না কিন্তু এখন ও তাহার হাত বিস্তীর্ন আছে।—

পর্ব্ব ১০

যাহারা কুব্যবস্থা করে সে লেখকের যে গরিবের দিগের বিচার ফিরান ও আমার লোকেরদের মধ্যে
২ যে দরিদ্র তাহারদের প্রকৃত পায়া হরন অন্যায়করন আজ্ঞা দেয়। বিধবারা যেন তাহারদের শিকার হয় ও পিতা হীনেরদের সামগ্রী যেন লুট করিতে
৩ পরে তাহারদিগের সন্তাপ হইতে। বিচার করন দিনে তোমরা কি করিবা সে দূর হইতে আগত সর্ব্বনাশক দিনে কাহার কাছে রাক্ষর কারন পলাইবা ও কোথায় তোমারদের ধন থুইবা।
৪ আমা বিনা তাহারা বন্দিতেরদের ওপর পড়িবে তাহারা ও মরার নিচে পড়িবে।—

এ সকল হইলে ও তাহার ক্রোধ ফিরে না কিন্তু তাহার হস্ত এখন বিস্তীর্ন হইয়াছে।—

৫ হে আমার ক্রোধ দণ্ড আশোর যাহার হস্তস্থ লাঠি
৬ আমার দণ্ড দেওন অস্ত্র। আমি কাল্পনিক বর্নের

বিপরিতে তাহাকে পাঠাইব ও আমার ক্রোধি পাপী লোকের বিপরিতে তাহাকে লুট এহত্র করণ শিকার লইয়া যাওন ও তাহারদিগকে গলির কর্দ্দমের ন্যায়
৭ দলানাথে আজ্ঞা দিব। কিন্তু সেই এমত ঠাওরে না তাহার মনে ও এমন চেষ্টা নহে কিন্তু অনল্পবণ বিনাশ
৮ ও ছেদন করণ তাহার অন্তঃকরণে আছে। কেননা সেই কহে আমার অধ্যক্ষ কি রাজারদের মত নহে।
৯ খর্খমশের মত কি খলনা নহে অর্পদের মত কি হ্মমত
১০ নহে যেমন দমাশেক তেমন ও শমরণ নহে। যেমন আমার হাত দেবতারদের সে রাজ্য করতল করিয়াছে যাহারদের খোদকারি প্রতিমা শমরণ ও যিরোশলমের
১১ প্রতিমা হইতে সুন্দর ও যেমন শমরণ ও তাহার দেবের দিগকে করিয়াছি আমি ও তদনুযায়ি যিরোশলম ও
১২ তাহার প্রতিমাকে কি করিব না। কিন্তু যিহুহার সমস্ত ক্রিয়া চীয়ন পর্ব্বৎ ও যিরোশলমের উপর পূর্ণ হইলে আমি আশোরের রাজার অহঙ্কারী মনের উদ্ভব ও তাহার গর্ব্বী চক্ষের জয়শীল দৃষ্টির শাস্তি দিব।
১৩ কেননা সে বলে আপনার হস্তের পরাক্রম ও আপনার জ্ঞান দিয়া কার্য্য সিদ্ধি করিয়াছি কেননা আমার চৌকস আছে আমি লোকেরদের সীমানা লড়াই য়াছি আমি তাহারদের সঞ্চিত ধন লুটিয়া লইয়াছি এবং যাহারা আপন মজুবুতিতেবসান ছিল তাহার
১৪ দিগকে ও নামাইয়াছি। আমার হস্ত লোকেরদের ধন পাইয়াছে পক্ষীর বাসা পাওনের ন্যায় ও যেমন কহ ছাড়া ডিম্ব কুড়ায় সে মত ও আমি পৃথিবীতে সর্ব্বত্রে কুড়াইয়াছি এবং পাখা লাড়া কিম্বা ঠোঁট

১৫ যেলোন কিম্বা চিচি কুচন কেহ জিল না কুড়ালী কি দর্পী হইবে আপন কর্ত্তৃক ছেদকের বিপরিতে করাত কি আপন করাতীর বিপরিতে আপনি বড় বলে যেন লাঠি ওঠাইত তাহাকে যে তাহা লড়ায় ও যেমন দণ্ড
১৬ আপনার কর্ত্তাকে ওঠাইত এতদর্থ সৈন্যের য়িহ্বহা তাহার স্থূলাকার লোকের ওপর কৃশতা পাঠাইবেন তাহার তেজের নিচে ও তিনি অগ্নি প্রলয়ের মত
১৭ পোড়ানস্থ লাইবেন। য়িশরালের দীপক ও অগ্নি হইয়া যাবে তাহার ধীম্ম ব্যক্তি ও শিখা হইবে তিনি একে দিনে তাহার কাঁটাও স্যাকুল পোড়াইবেন ও ধ্বংস
১৮ করিবেন। তাহার কানন ও ফলপূর্ণ ক্ষেত্রের তেজ তিনি প্রাণ শরীরাদি ধ্বংস করিবেন ও যেমন কেহ অগ্নি ছাড়িয়া পলায় তেমন ও তাহা হবে।
১৯ তাহার কাননের বক্রি বৃক্ষ অল্প হইবে যে মত বালক তাহা লিখিতে পারিবে।—
২০ সে দিনে এমত হইবে য়িশরালের বক্রি ও যাঁকুবের বংশের বাঁচা লোকেরা আর কখন বিশ্বাস করিবে না তাহার ওপর যে মারিল তাহারদিগকে কিন্তু য়িহ্বহা
২১ য়িশরালের ধীম্মে সত্য বিশ্বাস করিবেক। বক্রি যাঁকুবের বক্রিই সর্ব্বশক্তি প্রভুর কাছে ফিরিবে।
২২ কেননা হে য়িশরাল তোমার লোক সমুদ্রের বালুর মত যদি হয় তত্রাপি তাহারদের বক্রি মাত্র ফিরিবে সে নিয়মিত নিষ্পত্তি অতি প্রকৃতার্থ পূর্ণ হইয়া ওথলিবে।
২৩ কেননা সৈন্যের য়িহ্বহা সে দেশের মধ্যে এক শুদ্ধ ও
২৪ নিশ্চয় নিয়ত পূর্ণ করিবেন। এতদর্থে সৈন্যের য়িহ্বহা

বলেন হে আমার জীয়ন নিবাসী লোক আশোরীর ভয় করিও না সে তোমাকে লাঠি মারিবে সে মাত্র ও মিজরের পন্থে তোমার বিপরিতে তাহার দণ্ড ওঠাইবে
২৫ কিন্তু এমন কিঞ্চিত কাল পরে আমার ক্রোধ ও আমার কোঁপ তাহারদের সংহারে সমাপ্ত হইবে।
২৬ মদীনের ওরব পর্ব্বতে যে ঘাত ও সমুদ্রের ওপর যে দণ্ড ওঠাইলেন তাদৃশ ঝাড়ু সৈন্যের য়িহুহা তাহার বিপরিতে ওঠাইবেন বটে তিনি তাহা ওঠাইবেন মিজরের মত।
২৭ সে দিনে এমন হইবে তাহার ভার তোমার স্কন্ধ হইতে ও তাহার বাঁক তোমার গলা হইতে লড়াইতে হইবে বটে বাঁক তোমার স্কন্ধ হইতে নষ্ট হইবে।
২৮ সে ঈতে ওত্তরিয়াছে সে মীগ্রনে গিয়াছে মখমশে
২৯ তাহার দ্রব্যজাত থুইবে। তাহারা ঘাট ছাড়িয়া গিয়াছে গবাতে তাহারদের রাত্রে প্রবাস হইবে রামা কম্পমান হইয়াছে শাওলের গবিয়া পলাইয়াছে।
৩০ হে গলিমের কন্যা রবে চেঁচাও হে লীশা তাহার চেঁচান
৩১ অবধান কর হে ওনতত তাহাকে ওত্তর দিও। মদমনা
৩২ গিয়াছে গবিমের গৃহস্থেরা বেগে পলাইতেছে। আজি তাহার নবে থাকিতে হবে সে জীয়নের কন্যার পর্ব্বতের বিপরিতে য়িরোশলমের গিরির বিপরিতেই
৩৩ হাত লড়াইবে। দেখ সৈন্যের য়িহুহা মহা শব্দ করিয়া সে তেজমন্ত ডাল কাটিয়া ফেলিবেন বড় ওচ্চ যাহা তাহা ও কাটিয়া ফেলিতে হইবে বড় দীর্ঘ যাহা
৩৪ তাহাই ও হেট করাইতে হইবে। সে লোহা দিয়া

কাননের ঝাড় ও ছেদন করিবে মহা পরাক্রমী হস্তে লবানন পড়িবে।—

পর্ব ১১ কিন্তু যিশীর মূড়া হইতে এক দণ্ড বাহিরিবে তাহার মূল ছাড়িয়া ও এক ফলবান কঞ্চি হইবে।

২ যিহুহার আত্মা তাহাই জ্ঞান ও বুদ্ধ্যাত্মা পরামর্শ ও পরাক্রম্যাত্মা জ্ঞান ও যিহুহার ভয়াত্মা তাহার

৩ ওপর বসিবে তিনি যিহুহার ভয়ে সুবিবেচক হবেন তাহাতে চক্ষের দর্শনানুযায়ি বিচার করিবেন না ও কর্ণের শ্রবণানুযায়ি বিষকাইবেন না।

৪ কিন্তু গরিবের প্রকৃত বিচার করিবেন এবং প্রকৃত করিয়া পৃথিবীর নম্র লোকের মধ্যে স্থাপ জ্ঞান দিবেন তিনি ও মুখের ফুক দিয়া পৃথিবী মারিবেন তাহার ওষ্ঠাধরের নিশ্বাস দিয়া ও পাষরকে

৫ বধিবেন। ধর্ম্ম তাহার কমরবন্ধ হইবে ও অমোঘ

৬ কথা তাহার কাঁকালির বন্ধ। তখন কেন্দুয়া মেষের বাচ্চার সহিত বসতি করিবে ও গুলবাঘু ছাগলের বাচ্চার সহিত শয়ন করিবে বাছুর ও সিংহের বাচ্চা ও মোটা পশু একত্র আসিবে এবং

৭ ছোট বালক তাহারদিগকে চরাইবে। দোয়ানী ও ভালুকী একে ঠাঁই চরাইবে তাহারদের বাচ্চা এক স্থানে শয়ন করিবে সিংহ বলদের মত ও পোয়াল

৮ খাইবে। স্তনপান বালক আয়ে সর্পের গর্তের ওপর খেলিবে ও স্তনপান ত্যাগি বালক কেওটা

৯ সর্পের বাসার ওপরে হাত দিবে তাহারা হিংসা

কি বিনাশ করিবে না আমার পবিত্র পর্ব্বতের সর্ব্বত্রে কেননা পৃথিবী হইবে য়িহুহা জ্ঞান পূর্ন যেমন
১০ সমুদ্রের গভীর ঠাঁই জলাচ্ছাদিত। সে দিনে এমন হইবে য়িশীর যে মূল লোকেরদের ধ্বজের কারনে খাড়া আছে তাহার কাছে বর্নগান যাবে ও তাহার
১১ আশ্রয় সুন্দর হইবে। সে দিনে এমন হইবে য়িহুহা আপনার আশোর ও মিছর ও পাত্রোস ও খুশ ও ঈলম ও শনআর ও হমাত ও পশ্চিমদিগে নিবাসী বক্রি লোকেরদিগকে সে স্থান হইতে
১২ আননের কারন হাত দ্বিতীয়বার লাড়াইবেন তিনি বর্নগানেরদিগে চিহ্ন উঠাইবেন এবং য়িশরালের ছাড়নীয়েরদিগকে একত্র ও করাইবেন য়িহোদার ছাড়নীয়র
১৩ দিগকে পৃথিবীর চতুর্দ্দিগ হইতে একত্র করিবেন। আফ্রিমের দ্বেষ বিরত হইবে এবং য়িহোদার শত্রুতা আর হইবে না আফ্রিমের দ্বেষ য়িহোদার বিষয় হইবে না য়িহোদার ও শত্রুতা আফ্রিমের বিপরিতে থাকিবে না।
১৪ কিন্তু তাহারা পশ্চিমদিগে পলশতীর সীমানায় প্রবেশ করিবে তাহারা পূর্ব্ব দেশের শিশুরদিগকে একবালিন নষ্ট করিবে তাহারা আদোম ও মোয়াবের উপরে হস্ত দিবে ও উম্মোনের সন্তান তাহারদিগকে মানিবে।
১৫ য়িহুহা ও মিছরী সমুদ্রের জিহ্বা শুষ্ক করিবেন ও তাহার হাত আপন মহা বায়ু বহিয়া নদীর উপর লড়াইবেন ও তাহা সাত দাড়া করাইবেন ও তাহারদিগকে
১৬ শুষ্ক পায় পার করাইবেন। তাহার যে বক্রি লোক আশোর হইতে রহিবে বড় এক পন্থ ও হইবে তাহার

দের কারণ যেমন যিশরালের কারণ মিজর দেশ হইতে আইসন কালে।

পর্ব্ব ১২ সে দিনে তুমি বলিবা হে যিহুহা আমি তোমার স্তব করিব কেননা তুমি আমার ওপর ক্রুদ্ধ হইলে তত্রাপি তোমার ক্রোধ আমা হইতে ফিরিয়াছে ও তুমি
২ আমাকে সান্তনা করিয়াছ। দেখ প্রভু আমার ত্রাণ আমি বিশ্বাস করিব এবং ভয় করিব না কেননা যিহুহা আমার বল ও আমার গীত তিনি ও আমার ত্রাণ
৩ হইয়াছেন। তোমরা যখন ত্রাণের ওনই হইতে
৪ জল ওঠাও তখন সে দিনে বলিবা যিহুহার প্রতি প্রাপ্তি মঙ্গল স্বীকার করহ তাহার নামে নিবেদন কর। তাহার মহা ক্রিয়া লোকেরদের মধ্যে জানাও তাহার নাম কি মত মহা সম্ভ্রান্ত হইয়াছে তাহা নিশ্চয়
৫ প্রকাশ করহ। যিহুহার গান করহ কেননা তিনি মহাশ্চর্য্য ক্রিয়া করিয়াছেন ইহা সকল
৬ পৃথিবীতে প্রকাশিত হইয়াছে ওহে চীয়ন বাসী মহা চিৎকার কর ওল্লাষ ধ্বনি কর কেননা যিশরালের ঈশ্ম যিনি তিনি মহা তোমার মধ্যে।

পর্ব্ব ১৩ বাবেলের বিষয় যে ঐশ্বরবানী আমোজের পুত্র যিশাঙীহার কাছে প্রকাশ হইয়াছিল।
২ মহা পর্ব্বতের ওপর ধ্বজ ওঠাও রব ওঠাও হাত ঠার যেন তাহারা অধ্যক্ষেরদের দ্বারে প্রবেশ
৩ করে। আমার মদ্দে লেখা যোদ্ধারা আমার

বলবান লোক ও আমার মহত্ত্বে আহ্লাদিত যাহারা তাহারদিগকে আমার ক্রোধ দণ্ড দেওনার্থে
৪ আজ্ঞা দিয়াছি। পর্ব্বতে বিস্তের মত বড় কলোহল বর্ণ সমুহ তাহাই রাজ্যেরদের কল্লোল। সৈন্যের য়িহহা যুদ্ধের কারণ আপন সেনা সামন্ত একত্র
৫ করেন। তাহারা তাহাই য়িহহা ও তাহার ক্রোধ দণ্ড দিবার অস্ত্র শাস্ত্র দূর দেশ স্বর্গের অন্তই হইতে সকল দেশ নষ্ট করনের নিমিত্তে আসিতে
৬ ছেন। হে তোমরা ক্রন্দন কর কেননা য়িহহার দিন সন্নিকট তাহা সর্ব্বশক্তি কর্তৃক প্রলয়ের মতে
৭ আসিবে। সেকারন সকল হাত শৈথিল্য হইবে এবং মরনীয় প্রত্তি মানুষের হৃদয় গলিয়া যাবে
৮ তাহারা ও ভয়ার্ত্ত হইবে। যন্ত্রনা ও ব্যথা তাহার দিগকে ধরিবে বটে তাহারা স্ত্রীলোকের প্রসব ব্যথার ন্যায় ব্যথিত হইবে তাহারা চমৎকৃত হইয়া এক জন আর এক জনেরদিগে দৃষ্টি করিবে তাহারদের
৯ মুখ অগ্নি শিখার মত হইবে। দেখ য়িহহার নির্দ্দয় দিন তাহাই কোপ ও জ্বলন্ত ক্রোধ সে দেশ শুন্য করিতে আসিতেছে তিনি ও পাপী লোকের
১০ দিগকে তাহা হইতে নষ্ট করিবেন। বটে স্বর্গের নক্ষত্র ও জ্যোতীগন দীপ্তি করিবে না সূর্য্য তাহার যাত্রে অন্ধকারীয় হইয়াছে চন্দ্র ও তাহার তেজ প্রকাশ
১১ করিবে না। আমি ও জগত তাহার কুক্রিয়া ও দুষ্ট লোকেরদিগকে তাহারদের অযথার্থের কারণ শাস্তি দিব আমিও অহঙ্কারীরদের গর্ব্ব শেষ

১২ করিব ভয়ংকর লোকেরদের সাহস ও নামাইব। আমি মনুষ্য বিলক্ষন স্বর্ন হইতে মুল্যবান করিব বটে
১৩ মনুষ্য আফরের বহুস্বর্নদার হইতে মুল্যবান এতদর্থে সৈন্যের য়িহ্বহার ক্রোধ ও তাহার জ্বলন্ত গুষার দিনে আমি স্বর্গ কম্পাইব পৃথিবী ও আপনার স্থান হইতে
১৪ লড়াইতে হইবে। বক্রি যাহারা থাকে তাহারা তাড়িত হরিন ও একত্র করন রক্ষক শূন্য মেষের মত হইবে তাহারা প্রতি জন আপন২ বর্নেরদিগে দৃষ্টি করিবে ও প্রতি জন আপন২ দেশেরদিগে পলাইবে।
১৫ যে প্রতি জন ধরা যায় তাহাকে ফুড়িতে হইবে এবং যত লোক একত্র জড় হইয়াছে সে সকলে তলোয়ারের
১৬ কোপে পড়িবে তাহারদের চক্ষুর গোচরে তাহারদের বালকেরদিগকে আছড়াইতে হইবে ও তাহারদের বাটী লুটিতে হইবে ও তাহারদের স্ত্রীলোকেরদিগকে
১৭ বলাৎকার করিতে হইবে। দেখ আমি কপ্যতচ্ছক মদীরদিগকে উঠাইব তাহারদের বিপরিতে তাহারা ও স্বর্ন
১৮ কিছু ভাল বাসিবে না। তাহারদের ধনুক যুবা লোককে কাটিয়া ফেলিবে তাহারা ও গর্ব্ভ ফলের উপর কিছু কৃপা করিবে না তাহারদের চক্ষু ছালিয়ারদিগকেই কিছু
১৯ দয়া করিবে না। এবং বাবেল যাহা পুর্ব্বকাল রাজ্যগনের সৌন্দর্য্যতা ও খাশিদীরদের সম্ভ্রম ও অহঙ্কারী হওন বস্তু ছিল তাহা সদম ও উমরার ঈশ্বর হস্তকৃত
২০ ধ্বংশনের মত হইবে। তাহার মধ্যে আর কখন বসতি লাগিবে না সর্ব্বপুরুষানুক্রমে ও কেহ তাহাতে

বাস করিবে না ওরাবী ও সে স্থানে টৌল ফেলি বে না
২১ এবং রক্ষক সে স্থানে যেষালয় করিবে না । কিন্তু
কাননের বন পশু ও মহা শাব্দিক অদ্ভুত জন্তু তাহার
দের বাটী পূর্ণ করিবে সে স্থানে পেচাঁর কন্যা বাস
করিবে এবং সে স্থানে দানবেরা কলরব করিবে ।
২২ ভেড়িয়ান তাহারদের অট্টালিকায় ও নাগিগন তাহার
দের সুন্দর গৃহে পরপর কান্দিবে । তাহারি কাল ও
নিকট আছে এবং তাহার দিনের গৌন হইবে না ।

পর্ব্ব কেননা য়িহুহা যাঁকুবের উপর দয়া করিবেন ও
১৪ য়িশরালকে পশন্দ করিবেন তিনি ও নিজ দেশে
তাহারদিগকে বিশ্রাম দিবেন অন্য লোক ও তাহার
দের সহিত যুক্ত হইবে ও যাঁকুবের বংশের প্রতিনিধি
২ থাকিবে । বর্ণগন ও তাহারদিগকে লইয়া আপন স্থানে
আনিবে ও য়িশরালের বংশ য়িহুহার দেশে তাহার
দিগকে দাস দাসীরদের ন্যায় অধিকার পাইবে
তাহারা ও যে দেশে বলাক্রান্ত হইয়া দাস ছিল সে
দেশের লোকেরদিগকে দাস করাইবে ও তাহারদের
৩ দণ্ডকেরদের উপর কর্তৃত্ব করিবে । সে দিনে এমন
হইবে য়িহুহা তোমার দুঃখ ও ভাবনা ও কঠোর দাসত্ব
৪ ভার হইতে বিশ্রাম দিবেন । তুমি ও এ উপদেশ
বাবেলের রাজার বিষয় কহিবা দুর্দণ্ডক কেমনে লুপ্ত
৫ হইয়াছে স্বর্নাকর্ষী কেমনে বিরত হইয়াছে দুষ্টের
দণ্ড তাহাই শাসকেরদের দণ্ড য়িহুহা ভাঙ্গিয়া
৬ ফেলিয়াছেন । যে জন ক্রুদ্ধ হইয়া লোকেরদিগকে

অবিরাম ঘায়ে মারিল যে জন ক্রুদ্ধ হইয়া বর্ণেরদিগকে কর্ত্তৃত্ব করিল সে জন বিপক্ষতা পাইতেছে ও কেহ ৭ বারন করে না। সমস্ত পৃথিবী শান্ত ও নির্বিরোধি ৮ আছে তাহারা আনন্দ ধ্বনি করে। বরণ বৃক্ষ ও দ্বানের আরজ বৃক্ষ আনন্দিত হইয়া তোমাকে নিন্দা করে হাঁরে তুই পড়িলে কোন ছেদক আমারদিগকে ৯ কাটিতে আইল না। অদর্শনীয় অধরম্ম জগত তোমার কারন লড়ে তোমার আগমনে তোমার সহিত দেখা করিতে সে তোমার জন্য সকল পরাক্রান্ত মরা তাহাই পৃথিবীর সকল মহাপতিরদিগকে চৈতন্য করায় সে তাহারদিগকে তাহাই বর্ণেগনের সকল রাজারদিগকে আপন২ সিংহাসন হইতে ওঠায়। ১০ তাহারা সকল নিকট আসিয়া তোমাকে কহিবে হাঁরে তুই বটে তুই আমারদের মত দুর্ব্বল হইলি তুই ১১ কি আমারদের সমান হইলি। তোর অহঙ্কার ও তোর মাধুর্য্য তন্ত্র বাজন কি কবরে নামা গেল কীট কি তোমার কোঁচ ও কেঁচো কি তোমার পালংপোস ১২ হইল। হে প্রত্যুষার পুত্র পোহাতি তুই কেমনে স্বর্গ হইতে পড়িলি হাঁরে বর্নজয়ী তুই কি মৃত্তিকায় ১৩ ছেদন হইয়াছিস। তুই মনে করিয়াছিস যে আমি স্বর্গে ওঠিব প্রভুর নক্ষত্র হইতে ওছ আমার সিংহাসন বাসাইব আমি ঈশ্বর বর্ত্তমান পর্ব্বতের ওপরে ১৪ ওত্তরদিগে বসিব। আমি মেঘ মূলের ওপরে ওঠিব ১৫ আমি সর্ব্বোচ্চের ন্যায় হইব। কিন্তু কবরে খাদের একদিগেই তোকে নামাইতে হইবে। যাহারা

১৬ তোমাকে দেখে তাহারা তোমার ওপর নিশ্চয় দৃষ্টি
করিবে তাহারা তোমাকে মনে বহুবিচার করিবে ।
এই কি সে জন যে পৃথিবী কম্পাইল যে রাজ্যগণ
১৭ লড়াইল যে সংসার বনের মত করিল যে সহর
ধ্বংশ করিল যে কদাচ তাহার লুটিতেরদিগকে নিজ
১৮ বাটী যাইতে ছাড়িল না । বর্নেরদের সকল রাজা
বটে সকলেই পৃত্তি জন নিজ কবরে সম্ভ্রমে শুইতেছে
১৯ কিন্তু তুই তলোয়ারে বিন্দিত মরা ও তাহারদিগকে
যে যাদের পাথরের কাছে নাময়ে পরিচ্ছদান্বিত হইয়া
ঘৃনিত বৃক্ষ ও পদতলে দলা শবের মত আপন কবর
২০ হইতে ফেলা গিয়াছিলি তুই কবর শয়নে তাহারদের
সমযুক্ত হইবি না কেননা আপনার দেশ নষ্ট করিয়া
ছিস তুই আপনার লোককে বধি করিয়াছিস
কুকর্ত্তারদের ওরষজাতেরদের যশ কখন হইবে না ।
২১ তাহারদের পিতৃ অযথার্থের জন্য সন্তানেরদের
কারন বধি পুস্তুত করহ তাহারা যেন ওঠে না এবং
পৃথিবী অধিকার করে না ও জগতের মুখ সহর পূর্ন
২২ করে না । কেননা সৈন্যের য়িহ্বহা কহেন আমি
তাহারদের বিপরিতে ওঠিব য়িহ্বহা ও বলেন আমি
নাম ও যাহা বক্রি ও পুত্র পৌত্র সকলে বাবেল
২৩ হইতে ছেদন করিব । সৈন্যের য়িহ্বহা ও বলেন
আমি ও তাহা শেজারুর অধিকার ও জলের পুষ্কর্নি
করাইব তাহা ও সংহার কর্দ্দম সাগরে ডুবাইব ।
২৪ সৈন্যের য়িহ্বহা কিরা করিয়া কহিয়াছেন অবশ্য
২৫ যেমন ঠাওরিয়াছি তেমনে হইবে ও যেমন আশোরীকে

আমার দেশে ভাঙ্গাইতে ও আমার পর্ব্বতে দলাইতে মনে করিয়াছি তেমনে ও তাহা স্থির হইবে। তখন তাহার বাঁক যাবে তাহারদিগ হইতে এবং তাহার
২৬ ভার তাহারদের স্কন্ধ হইতে লড়াইতে হইবে। এ সে ... যাহা সমস্ত পৃথিবীর বিষয় স্থির হইয়াছে এ ... হস্ত যাহা সকল বর্নগানের ওপর বিস্তীর্ন
২৭ হইয়াছে। কেননা সৈন্যের য়িহ্নহা নিয়ম করিয়াছেন ও কে তাহা নিবারন করিবে এ ও তাহার বিস্তীর্ন হস্ত কেডা তাহা ফিরাইবে।———

২৮ যে বৎসর আক্কজ রাজা মরিল সে বৎসরে এ বাক্য প্রকাশ হইল।—

২৯ হে পলশতী যে দণ্ড মারিল তোমাকে তাহা ভাঙ্গা হওনাথে এক মনে আনন্দ কর না কেননা সর্পেরে মূল হইতে কেওট্যা সর্প বাহির হইবে তাহার
৩০ ফল ও জ্বলন্ত ওড়নীয় সর্প হবে। কেননা গরিবেরা আমার ওত্তম প্রথম ফল খাইতে পাইবে ও দরিদ্র নিরাপদি শয়ন করিবে কিন্তু তিনি তোমার মূল শুদ্ধ মরিয়া ফলিবেন ও তোমার বক্রি যে জন তাহাকে বধ
৩১ করিবেন। হে দ্বার ক্রন্দন কর হে সহর হাহাকার করহ হে পলশতা তুই ঘোলয়ানা শঙ্কায় ডুবিয়াছ কেননা ওত্তর দিগ হইতে ধূম আসিতেছে ও তাহার
৩২ সৈন্যের মধ্যে গাদ্দিমা কেহ হইবে না। বর্নগানের ওকিলেরদিগকে ও কি প্রত্যুত্তর দিতে হবে যে য়িহ্নহা জীয়নের ভীত করিয়াছেন ও তাহার লোকের গরিবেরা তাহাতে আশ্রয় করিবে।—

পর্ব্ব ১৫ মোয়াবের বিষয় যে বাক্য।

রাত্রে ওর নষ্ট হইয়াছে মোয়াব অনাথা হইয়াছে
রাত্রে কীর সংহার হইয়াছে মোয়াব নষ্ট
২ হইয়াছে সেই কারন বীতদীবোনে ওচ্চ স্থানেই
ক্রন্দন করিতে যাইতেছে মোয়াব নবো ও মীদবার
ওপর হাহাকার করিবে প্রতি মাথা টাক ও প্রতি
৩ দাড়ি ক্ষৌর হইয়াছে। তাহার গলিতে লোক চট
পরে তাহার ঘরের ছাতের ওপরে ও তাহার মেলা
স্থানে প্রতি জন হাহাকার করে ও ক্রন্দন করিতেং
৪ নামে। হুশবোন ও আলওলা বড় চিৎকার শব্দ
করে তাহারদের রব য়িহজ পর্য্যন্ত শুনা যায় মোয়াবের
কমরই ও রোদন করে স্বজীবনার্থে তাহার শোক
৫ ভার আছে। মোয়াবের আপন অন্তরের হৃদয়
রোদন করে সে দোয়ানীর মত শব্দ করিয়া ছাওরকে
ডাকে বটে তাহারা লোহিতের পথে ক্রন্দন করিতেং
যাইবে বটে তাহারা হুরনায়েমের পথে বিনাশ হওয়া
৬ ক্রন্দন ওঠাইবে। নম্রিমের জল ছাড়নীয়
হইবে কেননা ঘাস শুষ্ক হইয়াছে তৃন ম্লান হইয়াছে
৭ সবুজ শাক আর নাহে। এতদর্থে তাহারদের
প্রাপ্ত বিন বংশ হইবে ও যেং ধন দিয়াছে তাহা
৮ ঝাইসী বৃক্ষ মাটে লইয়া যাইতে হবে কেননা ক্রন্দন
শব্দ মোয়াবের সিমানার চতুর্দ্দিগে বেড়িয়াছে তাহার
ক্রন্দন আগলীম পর্য্যন্ত ও তাহার হাহাকার বার
৯ আলিম পর্য্যন্ত শুনা যায় দীমোনের জল রক্ত পূর্ণ
আছে কিন্তু আমি দীমোন ও মোয়াব ও আরিএলের

যাঁচা ও আদমার বক্রি লোকের ওপর আরং দুঃখ আনিব ।—

পর্ব্ব ১৬

আমি বনের শালঙ্ক হইতে জীয়নের কন্যার পর্ব্বতে দূপত্তির পুত্রকে পাঠাইব । ও যেমন বাসা হইতে খেদানীয় বেড়ানীয় পক্ষীরা তেমন মোয়াবের ৩ কন্যা আর্নোনের ঘাটে হবে । পরামর্শ দেও ন্যায় করনে বিদ্যমান হও মধ্যাহ্নে তোমার ছায়া রাত্রের মত করহ খেদানীয়েরদিগকে লুকাও পলাতকেরা ৪ কোথায় তাহা কহিও না । হে জীয়ন মোয়াবের খেদানীয়েরদিগকে তোমার সহিত বাসা করিতে দেও তুমি তাহারদের নাশক হইতে আশ্রয় হও কেননা অপুকৃত দণ্ডক নহে নাশকের শেষ আছে যে তোমারদিগকে পদতলে দলাইল সে দেশ হইতে নষ্ট ৫ আছে । সিংহাসন ও ক্ষমায় স্থির করিতে হইবে এবং এক জন তিনিই দাঊদের তাম্বুতে এক বিচার কর্ত্তা যত্নে পুকৃত বিচার এবং অতি ন্যায় করিতেং ৬ তাহার ওপর বসিবে । আমরা মোয়াবের অহঙ্কার ও গর্ব্ব ও দর্প ও কোপের কথা শুনিতে পাইয়াছি সে বড় অহঙ্কারী আছে তাহার মিথ্যা কথা অনর্থক । ৭ অতএব মোয়াব বড় হাহাকার করিবে সে মোয়াবের সকল লোকের জন্য ক্রন্দন করিবে কিরহ্রশতের ৮ লোকের কারন তোমরা রোদন করিবা । হুশ বোনের ক্ষেত্রের লজ্জা হইয়াছে শবমার যে দ্রাক্ষা গাছের তেজযন্ত শাখা জায়িল বর্গানেরদের

মহা অধ্যক্ষেরদিগকে যে যিঊজর সৃশিল ও যে কাননে গেল যাহার ডাল বাড়িল ও যে সমুদ্রের পার হইল তাহা দুর্ব্বল আছে। ৯ অতএব আমি যেমন যিঊজরের ক্রন্দনে ক্রন্দন করিব শিবমার দ্রাক্ষা গাছের কারন হে হ্শবোন ও আলঊলা আমি চক্ষের জল সেঞ্চিব তোমার উপর কেননা নষ্ট কর্ত্তা তোমার গ্রীষ্ম ১০ কালের ফল ও দ্রাক্ষার উপর পড়িয়াছে। ফলবান ক্ষেত্র হইতে আনন্দ ও আহ্লাদ ঘুচিয়াছে তাহারা ও দ্রাক্ষা ক্ষেত্রে গান করিবেক না তাহারা জয় শব্দ করিবেক না চাপ দেয়া লোক রস বাহির করিবে না হর্ষ ১১ নাদ বিরত হইল। এতদর্থে আমার অন্তর মোয়াবের কারনে ও আমার নাড়িভুড়ি কিরহরশের কারনে ১২ বীনের মত বাজিবে। এমন ও হইবে মোয়াব যখন দেখিতে পায় যে উচ্চস্থানে স্বপরিশ্রম করিয়াছে তখন সে আপনার পবিত্র স্থানে উপাসনা করিতে প্রবেশ করিবে কিন্তু তাহার কার্য্য সিদ্ধি হবে না। ১৩ বহুকাল গেল যিশহা এ কথা কহিলেন মোয়াবের ১৪ বিষয় কিন্তু এখন যিশহা এ কথা কহিয়াছেন চাকরের বৎসরের ন্যায় তিন বৎসর গেলে মোয়াবের তেজ তাহার সকল মানব্যের মধ্য ক্ষীন হইবে এবং বক্রি অল্প ও ক্ষুদ্র ও নির্ব্বল হইবে।

পর্ব্ব ১৭ দমাশেকের বিষয় যে বাক্য।

দেখ দমাশেক এমন লড়া গিয়াছে যে তাহা সহর আর হবে না তাহা অবশ্য নষ্ট ঢিপি হইবে। সহরগন

অশেষ ওজাড় হইবে তাহা পশু পালকে দিতে হইবে তাহারা ও শুইবে ও কেহ তাহারদিগকে তাড়িবে ৩ না। আফ্রিমের গড় ও দমাশেকের রাজ্য আর হইবে না সৈন্যের য়িহ্বহা ও কহেন যে আরমের অহঙ্কার য়িশরালের সন্তানের তেজের মত হইবে। ৪ সে দিনে ও এমন হইবে যাঁকুবের তেজ কমি করিতে হইবে এবং তাহার মাংসের স্থূলতা কৃশ। ৫ হইয়া যাবে। ও যে মত কেহ অকাটা শস্য কুড়ায় ও তাহার ভুজ দিয়া শস্যের শীস কাটে কিম্বা যেমত কেহ রফীমের মাটে ঝড়া শীস কুড়ায় তেমন ও তাহা ৬ হবে। য়িহ্বহা য়িশরালের ঈশ্বর বলেন যেমন জিত বৃক্ষের ঝড়ানে অতি ওষ্ঠা ডালে দুই তিন ফল ও বাহিরে ফলবান ডালে গোটা চারি পাঁচ ফল থাকে ৭ তেমন ও তাহার ঝরা কিছুই থাকিবে। সে দিনে মানুষ আপনার সৃজককে মানিবে এবং য়িশরালের ৮ ধর্ম্মেরদিগকে স্বচক্ষু দৃষ্টি করিবে। সে স্বহস্ত কৃত নিমিত্তক আভিষিক্ত যজ্ঞকুণ্ড ও আপন অঙ্গুলি কৃত যাহা এবং দেব বৃক্ষ ও সৌর্য্য প্রতিমারদিগকে ৯ মানিবে না। যখন হোক্সী ও আমরীরা য়িশরালের সন্তানেরদের সম্মুখে দেশ ছাড়িয়াছে সে দিনে তাহার মজবুত নগর হবে সে ছাড়নের ন্যায় দেশ ১০ ও নর শূন্য হইবে। তোমার ত্রাণের ঈশ্বর বিস্মৃতি হইয়াছ এবং তোমার বলের পর্ব্বৎ স্মৃতি না করিয়াছ সেকারণ তুমি সুন্দর বৃক্ষ রুপিলে ও

১১ অন্য দেশীয় কলম বসাইলে যে দিনে তোমার বৃক্ষ মৃত্তিকায় লাগাইয়াছ ও যে প্রাতে তোমার কলম মঞ্জুরী করাইয়াছ ফল পাইবার দিনেই ফল খাইতে হইবে ও ভরসা বিনা দুঃখ মাত্র রহিবে।
১২ সে সমুদ্রের গর্জ্জনের ন্যায় গর্জ্জক বহুবান বর্ণেরা ও মহা জলগর্জ্জনের মত কল্লোলের ন্যায় শাব্দিক বর্ণের
১৩ সন্তাপ হওক। বর্ণগণ মহা জলের গর্জ্জনের ন্যায় শব্দ করে বটে কিন্তু তিনি তাহারদিগকে ধমকাইবেন তাহারা ও দূরে পলাইয়া যাবে ও যেমন পর্ব্বতের ভূষি বাতাসের সন্মুখে ও ধূলা ঘুরনীর আগে
১৪ তেমন তাহারদিগকে তাড়িতে হবে। সন্ধ্যা কালে দেখ ভয় প্রত্যুষার পূর্ব্বে সে ও নহে। এ তাহারদের অধিকার যাহারা আমারদিগকে নষ্ট করে ও যাহারা আমারদের সামগ্রী লুটিয়া ওঠে এ ও তাহারদের অংশ।—

পর্ব্ব ১৮

হে খোশের নদীতীরস্থ পাখা বিশিষ্ট করতালের দেশ যে সমুদ্র ও জলের মুখের ওপর নলের
২ ভেলায় ওকিলেরদিগকে পাঠায়। হে বেগগামী দূত তোমরা এক দীর্ঘ টানা ও সমান কৃত প্রথমাবধি ও এ কাল পর্য্যন্ত ভয়ঙ্কর রশিতে জরিপ ও দলান ও নদীতে
৩ পালা দেশস্থ বর্ণের কাছে যাও। বটে ও তোমরা সকল জাতস্থ পৃথিবী বাসী হে ধ্বজ পর্ব্বতের ওপর
৪ ওথান হইলে ও তুরি বাজান হইলে শুনহ। কেননা যিহূহা এ কথা কহিয়াছেন আমাকে যেমন বৃষ্টির পরে

পরিস্কার গ্রীষ্ম ও যেমন ফসল কাটন কালে শিশীর যুক্ত মেঘ তেমন আমি বসিয়া আমার স্থিতি করনের
৫ স্থান নিরক্ষন করিব। দ্রাক্ষা কালের পূর্ব্বে যখন মঞ্জুরী শুদ্ধ ও পুষ্প ফুলিলে দ্রাক্ষা ফল হয় তখন তিনি অবশ্য কাস্ত্যা দিয়া আগা কাটিবে এবং
৬ ডাল লইয়া যাবে সেই ও কাটিয়া ফেলিবে। তাহারা পর্ব্বতের খাদক পক্ষী ও পৃথিবীর বন পশুর কারনে ছাড়িয়া দিতে হবে খাদক পক্ষী গ্রীষ্ম কালে থাকিবে তাহার ওপর ও শীত কালে পৃথিবীর প্রতি বনপশু
৭ তাহার ওপর থাকিবে। সে সময় দীর্ঘ টানা সমান করা প্রথমাবধি ও এখন পর্য্যন্ত ভয়ঙ্কর হুশিতে জরিপ ও দলান নদীতে পাল্য দেশস্থ লোক হইতে সৈন্যের য়িহ্বহার কাছে নজর আনিতে হবে সৈন্যের য়িহ্বহার স্থানে তাহাই জীয়ন পর্ব্বত।—

মিজরের বিষয় যে বাক্য।—

পর্ব্ব দেখ য়িহ্বহা বেগগামী মেঘ আরোহন করিয়া
১৯ মিজরে আসিতেছেন তাহার বিদ্যমান মিজরের দেব গন লড়িবে ও মিজরের হৃদয় গলিয়া যাবে তাহার
২ মধ্যে। আমি ও মিজরীরা মিজরীরদের বিপরিতে ওঠাইব তাহারা ও প্রতি জন আপনার ভাই ও প্রতি জন আপনার প্রতিবাসীর সহিত যুদ্ধ করিবে সহর
৩ সহরের সহিত ও রাজ্য রাজ্যের সহিত। মিজরের আত্মা তাহার মধ্যে আলায়াবে আমি তাহার পরামর্শ ও গ্রাস করিব তাহারা প্রতিমা ও গুনিন ও জানি

৪ এবং ভেল্কিরদিগকে জিজ্ঞাসা করিবে। ভগবান
সৈন্যে য়িহ্বহা কহেন আমি মিজরকে দুর্জ্জন পতির
হস্তে দিব এবং দুরন্ত রাজা তাহারদের ওপর কর্ত্তৃত্ব
৫ করিবে। তখন সমুদ্র নির্জ্জল হইবে ও নদী ক্ষীন
৬ হইয়া শুষ্ক হবে তাহার শ্রোত ও দুর্গন্ধ হইবে
মিজরের সরোবর শূন্য ও হইয়া শুষ্ক হইবে এবং
৭ নল ও পঙ্কজ ম্লান হইবে। সরোবরের তীর তাহাই
সরোবরের মুখের ভূমি এবং সরোবরের নিকট
যাহা বুনা থাকে তাহা সকল ম্লান হইবে শুষ্ক যাবে
৮ এবং আর হইবে না। মৎস্যধরা হাহাকার
ও ক্রন্দন করিবে যাহারা নদীতে বড়সি ফেলে এবং
যাহারা জলের মধ্যে জাল আড়ে তাহারা সকল দুর্ব্বল
৯ হইবে। যেং লোক মেহি তিসি ও যেং লোক জাল
মত কাপড় বুনে সে সকল লোক লজ্জিত হইবে।
১০ তাহার ভাণ্ডার ও ভাঙ্গাইতে হইবে বটে তাহারদের ও
১১ যাহারা মৎস্য পুষ্করণীতে লাভ পায়। অবশ্য
জোওনের অধ্যক্ষগণ পাগল হইয়াছে ফারোওর
বুদ্ধিমান মন্ত্রীরা অজ্ঞান পরামর্শ করিয়াছে তোমরা
কেমন ফারোওকে আমি পণ্ডিতের পুত্র প্রাচীন
১২ রাজারদের সন্তান দর্প কথা কহিবা। তাহারা
কোথায় তোমার পণ্ডিতেরা কোথায় তাহারা আইসুক
তাহারা এখন তোমাকে কহিয়া দিওক এখন সৈন্যের
য়িহ্বহা কি নিয়ম করিয়াছেন মিজরের বিপরিতে
১৩ তাহা প্রকাশ করুক। জোওনের অধ্যক্ষগান ক্ষিপ্ত
আছে নফের অধ্যক্ষগণ ভ্রান্ত হইয়াছে তাহারা

মিজর তাহাই তাহার গোষ্ঠির প্রধান স্তম্ভ চুক করা
১৪ ইয়াছে যিহুহা দুরমি আত্মা তাহারদের সহিত
মিশিয়াছেন ও যেমন বেহোর লোক তাহার বমিতে
চুলিয়া যায় তেমন ও তাহারা মিজরকে তাহার সকল
১৫ কর্ম্মে চুক করাইয়াছে। মিজরে ও কোন কার্য্য
হইবে না যাহা মাথা কি লেজ কি ডাল কি নল
১৬ করিতে পারিবে। সে দিনে মিজরীরা স্ত্রী লোকের
মত হইবে তাহারা ও সৈন্যের যিহুহার যে হাত
লড়াইবেন তাহারদের ওপর সে হস্তের লড়নে
১৭ কাঁপিবে ও ডর করিবে। যিহোদা দেশ মিজরীরদের
ঠাঁই শঙ্কাদাইক হইবে সৈন্যের যিহুহায় পরামর্শ
তাহারদের বিপরিতে করিয়াছেন কোন কেহ তাহার
১৮ নাম মাত্র বলিলে তাহারা সে কারন ভয় করিবে। সে
দিনে মিজর দেশে মনাআঁন ভাষা কহা ও সৈন্যের
যিহুহার কাছে কিরা করা পাঁচ নগির হবে তাহার
দের মধ্যে এক নগরের নাম সূর্য্য নগির খ্যাত হইবে।
১৯ সে দিনে মিজর দেশের মধ্যে যিহুহার এক যজ্ঞকুণ্ড
হইবে এবং যিহুহার এক স্তম্ভ তাহার সীমানার
২০ নিকটে তাহা মিজর দেশে সৈন্যের যিহুহার কাছে এক
লক্ষন ও সাক্ষী হবে যে তাহারা অন্যায় দণ্ডকের দের
কারনে যিহুহার প্রতি নিবেদন করিলে তিনি এক জন
তারক ও পক্ষবাদীকে পাঠাইলেন ও যে তিনি তাহার
২১ দিগকে পরিত্রান করিলেন। যিহুহা ও মিজরে
জানা যাবেন সে দিনে ও মিজরীরা যিহুহাকে জানিবে
এবং বলিদান ও উৎসর্গ করিয়া তাহার সেবা

করিবে তাহারা ও য়িহুহার কাছে মানন করিলে
২২ তাহা পূর্ণ করিবে এবং য়িহুহা মিজরকে মারিতেং ও
সুস্থ করি তাহা মারিবেন তাহারা ও য়িহুহারদিগে
ফিরিবে তিনি ও তাহারদের নিবেদনে সাধিত হইবেন
২৩ ও তাহারদিগকে সুস্থ করিবেন। সে দিনে মিজর
হইতে আশোরে মেলা পথ হইবে আশোরী মিজরে
যাবে ও মিজরী আশোরে এবং মিজরী আশোরীর
২৪ সহিত ভজনা করিবে। সে দিনে মিজর ও আশোরের
সহিত য়িশরাল তৃতীয় খ্যাত হবে তাহাই পৃথিবীর মধ্যে
২৫ এক আশীর্ব্বাদ প্রাপক যাহাকে য়িহুহা বৈন্য আমার
মিজর লোক ও আমার হস্তকৃত আশোর ও আমার
য়িশরাল অধিকার বাক্য বলিয়া বর দিয়াছেন।

পর্ব্ব ২০

যে বৎসর ঊর্ত্তন আশোরের সর্গন রাজাতে
প্রেরিত আশদদে যাইয়া তাহার সহিত যুদ্ধ করিয়া
২ করতাল করিল সে কালে য়িহুহা এ কথা কহিলেন
আমোজের পুত্র য়িশঈয়াহর মারফৎ। যাইয়া
তোমার কোমর হইতে চট খোল ও তোমার পা হইতে
৩ জুতা খোল পরে তিনি উলঙ্গ ও শূন্য পদে যাইয়া
তেমনে করিলেন। তৎকালে য়িহুহা কহিলেন যেমত
আমার দাস য়িশঈয়াহ মিজর ও খোশ দেশের জন্য
লক্ষন ও চমৎকরন বস্তু হইয়া উলঙ্গ ও শূন্য পদ বেড়াই
৪ য়াছেন সেমত আশোরের রাজা মিজরের লুটিত ও
খোশ দেশের খেদনীয়া বালা বৃদ্ধ সকলকে উলঙ্গ ও
শূন্য পদ ও মিজরীরদের লজ্জা করনার্থে পাছে ভাগ

৫ ওদলা লইয়া যাবে। অশদদীরা তাহারদের বিশ্বাস পাত্র মশে ও তাহারদের দর্পী হওন পাত্র মিজরেতে
৬ ভীত ও লজ্জিত হইবে। সে দিনে এ দেশের প্রজারা বলিবে দেখ এ আমারদের বিশ্বাস্য যাহার নিকট আমরা আশোরের রাজা হইতে নিস্তার হওন ওপকারের জন্য আশ্রয় করিলাম তবে আমরা কেমনে বাঁচিব।—

সমুদ্রের বনের বিষয় যে বাক্য।—

পর্ব্ব ২১ ১ যেমন দ[illegible]ন ঝড় যাহা বেগে দৌড়িতেং যায় তেমন ও সে বন[illegible]তে ভয়ঙ্কর দেশ হইতে আসিতেছে।
২ এই শ[illegible] দর্শন তাহাই ও প্রকাশ হইল আমার ঠাঁই ল[illegible]ত হইয়াছে ও নাশক নষ্ট হইয়াছে। হে ঊীলয[illegible]য়া যাও হে মদী সৈন্য ব্যস্তুন জাড়িয়া যাও আমি তাহার সকল মনস্তাপ সাঙ্গ করিয়াছি।
৩ সে কারন আমার কোমর ব্যথা পূর্ন আছে স্ত্রী লোকের প্রসব ব্যথার ন্যায় জন্ত্রণা আমাকে ধরিয়াছে আমি এমন চটপট হইয়াছে যে শুনিতে পারি না আমি চমৎকৃত হইয়াছি যেমন দেখিতে পারি না।
৪ আমার অন্তঃকরন আকুল হইয়াছে আমাকে শঙ্কা ধরিয়াছে যে সন্ধ্যা ইচ্ছা করিয়াছিলাম তাহা মহা ত্রাস করিয়াছেন।
৫ মেজ সজ্জ হইয়াছে চৌকি রাখা গিয়াছে তাহারা ভোজন পান করিতেছে হে অধ্যক্ষগনেরা ওঠ ঢাল অভিষেক করহ।
৬ কেননা আমাকে য়িহুহা এ কথা কহিয়াছেন চৌকিদার তাহার স্থানে পদার্পন করহ যাহা দেখিতে পায় সে সমাচার তোমাকে দিওক।
৭ পরে

সে এক রথ ও দুই সারথি একটা গৰ্দ্দভ সোয়ারি আর একটা উষ্ট্র সোয়ারি দেখিল সে ও বড় যত্ন করিয়া
৮ নিরক্ষন করিল। চৌকিতে যে জন থাকিল সে চেঁচাইয়া বলিল হে আমার ভগবান আমি সমস্ত দিনে আপনার স্থানে থাকি ও প্রতি রাত্রি
৯ চৌকিতে প্রবর্ত্ত হইলাম এবং দেখ সে দুই সোয়ারির এক জন এখানে আসিতেছে সে ও উত্তর করিয়া কহে বাবেল পড়িয়াছে পড়িয়াছে এবং তাহার দেবের সকল খোদকারি প্রতিমা মৃত্তিকাতে ভাঙ্গা হইয়াছে।
১০ হে আমার শস্যমারন ও আমার খোলার দানা আমি সৈন্যের য়িহুহা য়িশ্রালের ঈশ্বরের কাছে যাহা শুনিয়াছি তাহা তোমারদিগকে কহিয়াছি।—
১১ দোমের বিষয় যে বাক্য।—
শঈর থাকিয়া রব চেঁচায় হে চৌকিদার কত রাত্রি
১২ হে চৌকিদার কত রাত্রি। চৌকিদার উত্তর করে সকালে আসিতেছে রাত্রিও হবে যদি জিজ্ঞাসা করিতে চাহ তবে জিজ্ঞাসা করহ ফের আইসহ।—
১৩ আরাবির বিষয় যে বাক্য।—
হে দদানীয়দের কাফলা তোমরা সায়ং কালে
১৪ কাননে প্রবাস করিবা। হে দক্ষিন দেশ নিবাসীরা তৃষ্ণিত লোককে ঘটিতে জল আনহ পলতকের দিগকে
১৫ রুটি দিয়া রক্ষা করহ। কেননা তাহারা তলোয়ারের মুখ ও খোলা তলেয়ারের মুখ ও চাড়া দিয়া বনুক
১৬ ও দুরন্ত যুদ্ধার মুখ হইতে পলাইবে। কেননা য়িহুহা এ কথা কহিয়াছেন আমাকে চাকরের

১৭ বৎসরের ন্যায় আর এক বৎসরের মধ্যে কদারের তেজের ক্ষয় হইবে । কদারের মধ্যে মহা ধনুর্দ্ধরের দের বক্তি কমি হইয়া যাবে কেননা যিহুহা যিশরালের ঈশ্বর তাহা কহিয়াছেন ।—

দৃশ্য মাঠের বিষয় যে বাক্য ।—

পর্ব্ব ২২ এখন তোমার কি হইয়াছে যে তোমার সকল পুজা ঘরের ছাতের ওপরে গিয়াছে । হে তুমি কল্লোল পূর্ন হে কোলাহলী নগর হে আহ্লাদী নগর তোমার মরা তলোয়ারে মারা গেল না তাহারা ও সংগ্রামে

৩ মরিল না । তোমার সকল পতিরা একিবার গিয়াছে তাহারা ধনুক হইতে পলাইয়াছে । তোমার মধ্যে যত লোক পায়া গিয়াছিল তাহারা সকল একিবার

৪ পলাইয়াছে তাহারা দুরে গিয়াছে । সে কারন আমি বলিলাম আমা হইতে ফির আমি বড় ক্রন্দন করিব আমার লোকের কন্যার সর্ব্বনাশের কারনে আমাকে

৫ শান্তনা করিতে প্রবর্ত্ত হইও না । কেননা এই দুঃখ ও দলান ও ব্যস্ত হওয়া দিন । সৈন্যের যিহুহা ভগবা নের দৃশ্য মাটে দেয়াল ভঙ্গন ও পর্ব্বতকে ডাকন

৬ দিন । ঈলাম তরকোচ বহি আরমী রথ আসয়ারি

৭ সহিত আসিতেছে কীর ও ঢাল ওদলা করে । তোমার উত্তম মাটে রথ পূর্ন হইবে সোয়ারিগন ও সজ্জমান

৮ হইয়া দ্বারের সন্মুখে থাকিবেক । যিহোদার সীমা অরক্ষ করিতে হইবে তৎকালে তুমি বন ভাণ্ডাগারের

৯ দিগে নিরক্ষন করিবা । তোমরা ও দাওদের সহরের

ভঙ্গন অনেক দেখিতে পাইবা তোমরা ও নিচে পুষ্কর্ণীর
১০ জল একত্র করিবা। তোমরা ও যিরোশলমের বাটী
গনন করিবা ও দেয়াল মজবুত করনের জন্য ঘর
১১ ভাঙ্গিবা। তোমরা ও পুরাতন পুষ্কর্ণীর জল
রাখনের কারন দুই দেয়ালের মধ্যেখানে সরোবর
খনন করিবা কিন্তু যিনি তাহা ব্যবস্থিত করিয়াছেন
তাহারদিগে অপেক্ষ কর না ও যিনি পূর্ব্বকালে তাহা
১২ করিলেন তাহাকে ও তোমরা মান না। সে দিনে
সৈন্যের যিথহা ক্রন্দন ও হাহাকরন ও টাকপাড়ান ও
১৩ চট পরনেতে ডাকিলেন কিন্তু দেখ আনন্দ ও আহ্লাদ
বলদ ও মেষ মারন মাংস খাওন ও দ্রাক্ষারস
পান করন আইস আমরা ভোজন পান করি কেননা
১৪ কল্য মরি। পরে সৈন্যের যিথহার বাক্য
আমার শ্রবনে প্রকাশ হইল সৈন্যের যিথহা বলেন
অবশ্য তোমারদের মরন কাল পর্য্যন্ত তোমারদের
১৫ এ অযথার্থের প্রায়শ্চিত্ত হইবে না। ভগবান
সৈন্যের যিথহা এ কথা কহেন তুমি শব্নাখাজাঞ্চি
১৬ বাটী কর্তার কাছে যাইয়া কহ হে তুমি যে
ওচ্চ স্থানে আপনার কবর করিতেছ ও পর্ব্বতে
আপনার কবর খনন করিতেছ এখানে তোমার কি
আছে এখানে তোমার কে আছে যে আপনার কারন
১৭ কবর খনন করিয়াছ। দেখ যিথহা তোমাকে
বাহিরে ফেলিবেন তিনি বল করিয়া বাহিরে ফেলিলে
১৮ অবশ্য ঢাকিবেন তোমাকে। তিনি ঘুরিয়াং
যেমন ঝুক্ক থাকিয়া গুলি ফেলে তেমন তোমাকে

যেলা দেশে ফেলিয়া দিবেন তুমি সেখানে মরিবা এবং সেখানে তোমার সুন্দর রথ তোমার নাথের
১৯ বাটীর লজ্জা হইবে। আমি ও তোমাকে খেদাইয়া দিব তোমার কার্য্য হইতে তোমার সম্ভ্রম হইতে ও
২০ তোমাকে গুলিয়া ফেলিব। সে দিনে আমার দাস
২১ হিলকীহার পুত্র আলিকিয়মকে ডাকিয়া তোমার বস্ত্র তাহার গাত্রে দিব এবং তোমার বনাত দিয়া তাহাকে শক্ত করাইব তোমার শাসন পদ ও দিব তাহার হস্তে এবং তিনি যিরোশলমের প্রজা ও যিহোদার বংশের
২২ পিতা হইবে। আমি ও দাওদের বাটীর জোড়ান তাহার স্কান্ধে থুইব তিনি খুলিলে কেহ বন্ধ করিবে না
২৩ তিনি ও বন্ধ করিলে কেহ খুলিবে না। যেমন খীল নিশ্চয় জাইগায় তেমন ও আমি তাহাকে আটাইব তিনি ও তাহার পিতৃবাটী নিমিত্ত অতি আদরজ
২৪ আসন হইবে। তাহার পিতৃ পরিজন মহৎ ও ইতর ঔরষজাত ও প্রতি ছোট পাত্র প্রতি প্রকার আপখুরাদি
২৫ ক্ষুদ্র পাত্র তাহার উপরে টাঙ্গা হবে। সৈন্যের যিহুহা বলেন সে দিনে খীল যে পূর্ব্বে প্রকৃত স্থানে আটা ছিল তাহা লড়াইতে হবে ও কাটিতে হইবে ও পড়িবে ও যে ভার তাহার উপর থাকিল তাহা ও কাটা গেলে পড়িবে কেননা যিহুহা তাহা কহিয়াছেন।—

জোরের বিষয় যে বাক্য।—

পর্ব্ব ২৩ হে তর্শিশের জাহাজ গুলা তোমরা ক্রন্দন করহ কেননা সে ভিতরে বাহিরে ঘোলয়ানা নষ্ট হইয়াছে

১ খিত্তিম দেশ হইতে তাহারা সমাচার পাইয়াছে। হে সমুদ্র তীরের প্রজারা তোমরা চুপ রহ চীদনের ব্যপারি লোক যে২ লোক সমুদ্রের পার হয় তাহারদের বিস্তর২ ৩ তোমার মধ্যে ছিল। নীল নদীর অনেক জল জাতবীজ ও নদ্যোৎপন্ন যাহা তাহাই তাহার রাজস্ব ছিল সেই ৪ বণিগনেরদের বাজার ছিল। হে চীদন তুমি লজ্জিত হও কেননা সাগর তাহাই সমুদ্রের শক্ত গড় এ কথা কহিয়াছে যেমন প্রসব জন্ত্রনা না পাইতাম ও যেমন প্রসব না হইতাম যেমন বালককে প্রতি পালন না করিতাম ও বাগারদিগিকে রক্ষা করিতাম না তেমনে ৫ আমি হই। এ কথা মিচর স্পর্শিবা মাত্রে তাহারা চোরের ৬ সংবাদেতে ব্যথিত হইবে। হে তোমরা তর্শিশে পার হইয়া যাও হে সমুদ্র তীর নিবাসীরা তোমরা ৭ ক্রন্দন করহ এ তোমারদের পূর্ব্বকালাবধি স্থিত জয়ী সহর তাহার আপনার পাদ দূর দেশে ৮ বাস করনের কারণ তাহাকে বহে। মুকুটদায়ী রাজা মহাজনীয় দেশাধ্যক্ষ বণিকীয় চোরের বিপরিতে এ নিয়ম করিয়াছে কে। সৈন্যের য়িহুহা সকল সৌন্দর্য্যতার কুদাগ করন ও পৃথিবীর সকল মহৎ লোকেরদিগিকে নিন্দিত করনের নিমিত্ত ১০ এ পরামর্শ স্থির করিয়াছেন। হে তর্শিশের কন্যা তুমি দেশের ওপরে ওঠিল ও যে বন্ধনেতে তোমার ১১ জল বদ্ধ হইয়াছিল তাহা নহে তিনি সমুদ্রের ওপর হস্ত বাড়াইয়াছেনে তিনি রাজ্যগন লড়াইয়াছেন য়িহুহা খনাঁয়নের মজবুত স্থান নষ্ট করিতে আজ্ঞা

১২ দিয়াছেন। তিনি ও কহিয়াছেন হে চীদনের কুমারী নষ্টা কন্যা তুমি আর জয়ী হইবা না উঠিয়া যাত্তিমে যাও পার হও সেখানে ও তোমার বিশ্রম হইবে না।
১৩ খাল্দীয়দের দেশ দেখ এ লোক অন্যথা ছিল আশোরী অরন্য নিবাসীরদের কারন তাহা পত্তন করিল তাহারা তাহার চৌকি গড় গড়িল তাহারা তাহার অট্টা লিকা নির্ম্মান করিল এই লোক তাহা বিনাশ করিয়াছে।
১৪ তর্শিশের জাহাজেরা ক্রন্দন করহ কেননা তোমার
১৫ দের শক্ত গড় ধ্বংশ হইয়াছে। সে দিনে এমত হইবে এক রাজার কালের ন্যায় তোর সত্তরি বৎসর বিস্মৃত্তি হইবে পরে সত্তরি বৎসরের অন্তে তোর বেশ্যার
১৬ ন্যায় গান করিবে। হে বহু দিন ত্যাগী বেশ্যা বীন লইয়া সহর বেড় ও তোমার আরবার মনে পড়নের কারন বীন সুন্দর কর বাজাও অনেক গীত
১৭ গাও সত্তরি বৎসরের শেষে য়িহুহা তোরের হিসাব করিবেন পরে সে পূর্ব্ব লভ্য ব্যবসায় ফিরিবে ও পৃথিবীর মুখবাপ্য জগতের সকল
১৮ রাজ্যের সহিত ব্যভিচারীনী ক্রীয়া করিবে। কিন্তু তাহার ব্যপারী ও লাভ য়িহুহার নিমিত্ত পবিত্র হইবে তাহা সঞ্চয় ও রক্ষা করিতে হইবে না কেননা তাহার ব্যপারীর য়িহুহার নিকট নিবাসীরদের পুষ্টুর খাদ্য ও অত্তর বস্ত্রের কারন হইবে।—

পর্ব্ব ২৪ দেখ য়িহুহা সে দেশ শূন্য ও নিরালয় করেন তিনি তাহা উল্টিয়া ফেলেন ও পূজারদিগকে ভিন্ন ভিন্ন করেন

২ যেমন লোকেরদের গতি তেমন পুরোহিতের হইবে যেমন চাকরের তেমন মুনিবের যেমন দাসীর তেমন ঠাকুরানীর যেমন ক্রয়কের তেমন বিক্রয়কের যেমন ধারির তেমন মহাজনের যেমন কাঙ্গিয়ার তেমন সু
৩ দের। দেশ খোলয়ালা নষ্ট করিতে হইবে কেননা য়িহুহা
৪ এ কথা কহিয়াছেন। দেশ রোদন করিতেছে তাহাই ম্লান হইতেছে সংসার শুষ্ক হইতেছে তাহাই ম্লান হইতেছে
৫ দেশের গর্ব্বী লোক দুর্ব্বল হইতেছে। দেশ তাহার গৃহস্থেরদের নিচে ময়লা হইতেছে কেননা তাহারা ব্যবস্থা লঙ্ঘিয়াছে তাহারা নিয়ম, অন্য মত করিয়াছে তাহারা অনন্ত বন্দোবস্তই ভাঙ্গিয়াছে যাহারা তাহাতে
৬ বাস করে তাহারা অপরাধি সে কারণ শাপে দেশ খাইয়া ফেলিয়াছে অতএব দেশের প্রজা নষ্ট হইয়াছে ও যে ধরণীর মনুষ্য তাহার মধ্যে বক্রি
৭ থাকে তাহারা অতাল্প। নূতন দ্রাক্ষা রস ক্রন্দন করিতেছে দ্রাক্ষা গাছ শুষ্ক যায় সকল আহ্লাদ অন্তঃ
৮ করণীয় নিশ্বাস ত্যাগ করে। খঞ্জুরীর আনন্দ ধ্বনি নিবর্ত্ত হইয়াছে জয়২ শব্দ আর নহে বীণের
৯ উল্লাষ ধ্বনি নিবর্ত্ত হইয়াছে। তাহারা গীত গাইতে২ দ্রাক্ষা রস পীবে না যাহারা তাড়ি পান করে
১০ তাহারদের মুখে ও তাহা তিক্ত লাগিবে। সহর ভাঙ্গা গেল তাহা নর শূন্য হইয়াছে প্রতি ঘর বন্ধ হই
১১ য়াছে যেন কেহ প্রবেশ করিতে পারে না। গলিতে দ্রাক্ষা রসের কারণ চেঁচান হইয়াছে সকল আহ্লাদ গিয়াছে দেশের সকল আনন্দ দেশান্তরে হইয়াছে।

১২ সহরে শূন্যতা থাকে বড় কোলাহলে ও দ্বার ভাঙ্গিয়া
১৩ পড়িয়াছে দেশের মধ্যস্থলে লোকের মধ্যখানেই ও
এমত হইবে যেমন জিত ফসলের ঝাড়া ও যেমন ফসলের
১৪ পরে দ্রাক্ষা কুড়ান সেই মত হইবে। কিন্তু ইহারা উচ্চ
স্বর করিবে তাহারা গান করিবে জল ও য়িহুহার মহত্ব
১৫ তার সুনাদ করিবে। এতদর্থ তোমরা দূর দেশ থাকিয়া
য়িহুহার নাম কর সমুদ্রের দূরস্থ সীমানায় তোমরা
১৬ য়িশরালের ঈশ্বর য়িহুহার নাম করহ। দেশের অতি
দূরস্থ সীমা হইতে গীত শুনিয়াছি ধৈন্য ধাৰ্ম্মিকেরা।
কিন্তু আমি কহিয়াছি আহা আমার দিনহীনতা আমার
দিনহীনতা আমি দুর্ভাগ্য লুটিরা লুট করিতেছে
বটি লুটেরা তাহারদের দুরন্ত বিনাশ করন ছাড়ে না।
১৭ হে দেশের প্রজা ভয় ও খাদ ও ফাঁদ তোমার উপরে
১৮ হয়। এমন ও হইবে যে জন ভয় হইতে পলায় সে
খাদে পড়িবে ও যে জন খাদ ছাড়িয়া বাঁচে সে
ফাঁদে ধরিতে হইবে কেননা উপরস্থ বৰ্ষা দ্বার খুলা
১৯ যায় পৃথিবীর ভিত ও কম্পে। দেশ মহা লড়ে দেশ
খোলয়ালা চূর্ণ হইয়াছে দেশ স্থানান্তর হইতে বহু
২০ সরিয়াছে। দেশ বেহুঁসের মত দুলিতেং যায়
তাহা ও এক রাত্রি প্রবাসের ন্যায় অস্থির আছে
কেননা তাহার অযথার্থ ভারে বড় ছাপা হইয়াছে
২১ সে ও পড়িবে এবং আর উঠিবে না। সে দিনে
এমত হইবে য়িহুহা উপরস্থ সেনাগণ উপর স্থানে
২২ এবং পৃথিবীর সকল রাজা পৃথিবীতে সমূহ করিবেন
তাহারা ও খাদের জন্য আটির ন্যায় একত্র করিতে

হইবে তাহারা ও কারাগারের কঠিন বন্ধনে বদ্ধিতে হইবে এবং অনেক দিনের পরে তাহারদের তত্ত্ববিত্ত
২৩ হইবে। চন্দ্র ও বিবর্ন ও সূর্য্য লজ্জিত হইবে কেননা সৈন্যের যিহুহা জীয়ন পর্ব্বতের ওপর ও যিরোশলমে কর্তৃত্ব করিবেন তাহার প্রাচীন লোকেরদের বর্ত্তমান ও তাহার নাম হইবে।

পর্ব্ব ২৫ হে যিহুহা তুমি আমার ঈশ্বর তুমি আশ্চর্য্য ক্রীয়া করিয়াছ তুমি পুর্ব্বকালের নিয়ম এবং অমোঘ প্রতিজ্ঞা পূর্ন করিয়াছ সে কারন আমি তোমার সম্ভ্রম
২ করিব। কেননা সহর তুমি রাশি করিয়াছ গুরচাবদ্ধি শক্ত করা গড় তুমি বিনাশ করিয়াছ অহঙ্কারীরদের পুরি যেন সহর আর হইবে না যেন আর গাঁথিতে
৩ হইবে না তেমনে করিয়াছ। অতএব দুর্জ্জন লোক তোমার স্তুতি করিবে ভয়ঙ্কর বর্নগনের নগর
৪ তোমাকে ভয় করিবে। কেননা তুমি দরিদ্রেরদের রক্ষক ছিলা অনাথের বিরুদ্ধ দসায় তাহার রক্ষক। যে কালে ভয়ঙ্করে ফুঁক শীতকালের ঝড়ের ন্যায় গিত্ত্বে সে কালে ঝড়ে আশ্রয় ও গ্রীষ্মেতে ছায়া
৫ যেমন শুষ্ক ভুমিতে গ্রীষ্ম তেমন অহঙ্কারীর কোলহল নিচ করিতে হবে ও যেমন ঘন মেঘেতে গ্রীষ্ম তেমন
৬ ভয়ঙ্কর লোকের জয়২ শব্দ অল্প করিতে হইবে। এ পর্ব্বতে ও পুরাতন দ্রাক্ষা ও সৈন্যের যিহুহা সকল লোকের কারন সুভক্ষ্য রস অত্যুত্তম সুভক্ষ্য ও পুরাতন নির্ম্মল কৃত দ্রাক্ষারস এক ভোজন কাল নিরুপন

৭ করিবেন। এ পর্ব্বতের উপর ও যে আচ্ছাদন সকল লোকেরদিগকে আচ্ছাদিত এবং যে ঘোমটা সকল
৮ বর্ণেরদের উপরে তাহা তিনি নষ্ট করিবেন। তিনি মৃত্যু সদাকালার্থে সংহার করিবেন য়িহূহা ভগবান ও সকল মুখ হইতে নেত্রাশ্রু মোচিবেন। তাহার লোকের অপমান ও সমস্ত পৃথিবী হইতে ঘুচাইবেন কেননা য়িহূহা তাহা কহিয়াছেন।—

৯ তাহারা সে দিনে বলিবে দেখ এই আমারদের ঈশ্বর আমারা তাহার শরন লইয়াছি তিনি ও আমার দিগকে নিস্তার করিয়াছেন। এই য়িহূহা আমরা তাহার শরন লইয়াছি তাহার তারনে আমরা আনন্দ
১০ ও আমং ধ্বনি করিব। কেননা এ পর্ব্বতের উপরে য়িহূহার হাত বিশ্রাম দিবে ও যেমন পোয়াল গাড়ির চাকার নীচে মারা যায় তেমন মোয়াবকে আপন স্থানে
১১ মারিতে হইবে। যে জন ডুবিতেছে সে যেমন হাত হেলিতে বাড়ায় তেমন সে তাহার মধ্যে হাত বাড়াইবে কিন্তু ঈশ্বর আপনার হাতের অকস্মাৎ চিমটায়
১২ তাহার অহঙ্কার নামাইবেন। তিনি ও তোমার উচ্চা দেয়ালের গোলা নামাইবেন তিনি তাহা মৃত্তিকায় নামাইবেন তিনি ও তাহা ধূলায় ফেলিবেন।—

পর্ব্ব ২৬ সেকালে এ গান করিতে হইবে য়িহোদা দেশে আমারদের মজবুত সহর আছে তিনি দেয়াল এবং গোলার কারন ত্রান স্থাপন করিবেন। হে তোমরা

৩ দ্বার খুল ধার্ম্মিক বংশ প্রবেশ করুক। তাহারা তোমাতে
আশ্রয় করিয়াছে অতএব তুমি তাহারদিগকে সত্যতায়
অবিরাম মনে স্থির ও নিত্য কুশলে রক্ষা করিবা।
৪ যিহুহার নিত্য বর্ত্তমান রক্ষা অতএব সদাকাল যিহুহায়
৫ আশ্রয় কর। কেননা যাহারা উচ্চ স্থানে বাস করে
তাহারদিগকে তিনি হ্রস্ব করিয়াছেন দর্পী সহর যাহা
তাহা তিনি নামাইয়াছেন তিনি তাহা মৃত্তিকায় করিয়া
৬ ছেন তিনি ও ধূলার সমান তাহা করিয়াছেন। পদ দরি
দ্রেরদের পদই বটে গরিবেরদের পদ তাহা দলাইবে।
৭ ধার্ম্মিকের গমন একান্ত সোজা তুমি ধার্ম্মিকেরদের
৮ পথ ঠিক সমান করিতেছ। হে যিহুহা তোমার
বিচারণেতে আমরা তোমার নামে বিশ্বাস
করিয়াছি এবং তোমার স্মরণেতে আমারদের মনের
৯ আসা। আমি রাত্রে তোমাকে মনে বাঞ্ছা করিয়াছি
বটি আমার মধ্যস্থাত্মাতে তোমাকে প্রাতে চেষ্টা
করিয়াছি কেননা তোমার শাস্তি দেওন পৃথিবীতে
প্রকাশ হইলে জগতের নিবাসীরা ধর্ম্ম শিক্ষিবে।
১০ দুষ্ট লোকেরদিগে যদি ক্ষমা হইয়া থাকে তত্রাপি
সে ধর্ম্ম শিক্ষিবে না প্রকৃতাচরণ দেশে সে
গোঁয়ারতা করিবে ও যিহুহার মহত্ত্ব মানিবে না।
১১ হে যিহুহা তোমার হস্ত উত্থান হইয়াছে কিন্তু
তাহারা দেখিতে চাহে না। তাহারা অবশ্য লজ্জিত
হইয়া তোমার স্বলোকার্থ তাপ দেখিবে। অবশ্য অগ্নি
১২ তোমার শত্রুরদিগকে পোড়াইবে। হে যিহুহা তুমি
আমারদের কারণ কুশল নিরূপণ করিবা কেননা

আমারদের সকল ক্রিয়া তুমি করিয়াছ আমারদের
১৩ কারন। হে য়িহুহা আমারদের ঈশ্বর তোমা ভিন্ন
অন্য ভগবানগন আমারদের উপর কর্তৃত্ব করিয়াছে
ইহার পরে আমরা কেবল তোমার ও তোমার নামের
১৪ প্রশংসা করিব। তাহারা মরিয়াছে তাহারা জীবত
থাকিবে না তাহারা মরা অন্যায় দণ্ডকেরা তাহারা
উঠিবে না সেকারন তুমি তাহারদের নিকট যাইয়া
তাহারদিগকে সংহার করিয়াছ তাহারদের স্মরনার্থে
১৫ ও তুমি লুপ্ত করিয়াছ। হে য়িহুহা তুমি বর্ন বাড়াই
য়াছ তুমি বর্ন বাড়াইয়াছ তোমার সুখ্যাতি আছে
১৬ দেশের সকল সীমা তুমি বহু বাড়াইয়াছ। হে
য়িহুহা আমরা দুঃখে তোমাকে চেষ্টা করিয়াছি যখন
তোমার শাস্তি আমারদের উপর ছিল তখন আমরা
১৭ বহু মিনতি করিলাম। গর্ব্ভবতী স্ত্রী লোক তাহার
প্রসবকাল নিকট হইয়া যেমন দুঃখিত হয় ও ব্যথিত
হইয়া প্রসবে চেঁচায় তেমন অহে য়িহুহা আমারা
১৮ তোমার সাক্ষাতে হইয়াছিলাম। আমরা গর্ব্ভবতী
হইয়াছিলাম আমারা ব্যথিত হইয়াছিলাম আমরা
বায়ুর মত প্রসব হইয়াছি দেশে ত্রান উৎপত্তি নহে
১৯ এবং জগতনিবাসীরা পতিত হয় নহে। তোমার মরা
জীবিবে আমার মরা উঠিবে। হে তোমরা ধূলা
নিবাসীরা জাগ্রিত হও গান কর কেননা তোমার নীহর
প্রভুষার নীহরের মত কিন্তু পৃথিবী সে মরা অন্যায়
দণ্ডকেরদিগকে গর্ব্ভপাতের মত বাহিরে ফেলিবে।
২০ হে আমার লোক আইস তোমার নিভৃতি কুঠরিতে যাও

এবং দ্বার তোমারদের পাছে রুদ্ধ করহ কিঞ্চিৎ কাল গুপ্ত থাক এক লকালই সে ক্রোধ বহন পর্য্যন্ত ।
২১ কেননা য়িহুহ আপনার স্থান হইতে পৃথিবীর গৃহস্থেরদিগকে তাহারদের পাপের কারণ শাস্তি দিতে যাইবেন পৃথিবী ও তদুপর স্থিত রক্ত প্রকাশ করিবে মারাপড়া লোকেরদিগকে ও আর ঢাকিবে না ।

পর্ব্ব ২৭ সে দিনে য়িহুহা তাহার তলোয়ার তাহার চকমকী ও বড় ও শক্ত তলোয়ার দিয়া লোইতন সে মহামত্ত্যা নাগ এবং লোইতন সে কুণ্ডলী সর্পের শাস্তি দিবেন এবং সমুদ্রের কুম্ভীরকে মারিয়া ফেলিবেন ।
২ সে দিনে প্রিয় দ্রাক্ষা ক্ষেত্রেতে প্রশ্নোত্তর গান করহ ।
৩ যে তাহা রক্ষা করে সে আমি য়িহুহা আমি পলকেং তাহার জল সেচিব আমি রাত্রে তাহা রক্ষা করিব
৪ দিনে ও তাহার চৌকী দিব । আমার রক্ষা করণ দেয়াল নহে আহা যদি কাঁটা ও স্যাকুলের বেড় আমার হইত । আমি যদি তাহারদের বিপরিতে
৫ যুদ্ধ করিতে যায় তবে তাহা একিবার পোড়াইব । আহা সে বরং আমার আশ্রয় করুক সেই আমার সহিত
৬ মিলুক সে আমার সহিতই মিলুক । যাঁকুবের মূল উৎপন্ন যাহারা তাহারা বাড়িবে য়িশরাল মঞ্জুরি হইবে তাহারা ও পৃথিবীর মুখ ফলপূর্ণ করিবে ।
৭ তিনি কি যেমন তাহার মারকেরদিগকে মারেন তেমন তাহাকে মারিয়াছেন যাহারা বধ করিল তাহাকে সে কি তাহারদের মত বধিত আছে ।

৮ তুমি যখন ঘা মারিবা তখন বলে মহা ঝড়ে পূর্বীয় বাতাসের দিনেই তুমি ওপার বিবেচনা করিয়া প্রকৃত
৯ পরিমানের মত তাহার দণ্ড দিবা। এতদর্থে যজ্ঞকুণ্ডের সকল পাথর ছাড়া পড়া চুন পাথরের মত এবং দেবস্থান ও প্রতিমা যেন আরবার ওঠে না তিনি এমন করিলে যাকুবের অযথার্থে মোচন হইবে এবং
১০ সে তাহার পাপ খণ্ডনের সকল ফল পাইবে। কিন্তু মজবুত কৃত সহর ও তাজা বসতি এবং অরন্যের মত নিরালয় হইবে সেখানে বলদ চরিবে সেখানে শুইবে সেখানে ও তাহার কোমল ডাল ভক্ষন করিবে।
১১ তাহার শাখা শুষ্ক হইয়া ভাঙ্গিতে হইবে স্ত্রীলোকেরা আসিয়া তাহা জ্বলাইবে। অবশ্য এ এক অজ্ঞান লোক সেকারন যিনি তাহাকে সৃজন করিলেন তিনি তাহাকে দয়া করিবেন না এবং যিনি তাহাকে নির্মান করিলেন তিনি ও তাহাকে কিছু অনুগ্রহ করিবেন না।
১২ সে দিনে এমন হইবে যিহুহা নদীর বন্যা হইতে মিসরের স্রোত পর্যন্ত তাহার ফল পাড়িবে এবং হে যিশরালের সন্তানেরা তোমারদের একএক জনকে
১৩ কুড়াইতে হইবে। সে দিনে বড় তুরি বাজাইতে হইবে এবং যাহারা আশোর দেশে মৃত্যুকল্প ছিল এবং যাহারা মিসর দেশে ছিন্নভিন্ন তাহারা আসিবে এবং পবিত্র পর্বতে তাহাই যিরোশলমে যিহুহার বিদ্যমান প্রনাম করিবে।

পর্ব ২৮ আফ্রিমের বেসুর লোকেরদের অহঙ্কারী মুকুট এবং তাহারদের তেজযুক্ত সৌন্দর্যতার শুষ্ককল্প ফুল

ও যাহারা ফলপূর্ণ মাটের মাথায় দ্রাক্ষা রসে মত্ত
২ হয় তাহারদের [illegible] হউক। দেখ সে ক্ষমতাপন্ন
ব্যক্তি সে অতিবলবান ব্যক্তি শীল, ঝড়ের মত
অতিধ্বংশক ঝড়ের মত মহাবন্যার বড় শ্রোত যে
বেগে বহিয়া যায় তদানুরূপ সে তাহারদিগকে
৩ হাতেতে মৃত্তিকায় ফেলিবেন। আফ্রিমের বেশূর
লোকেরদের অহঙ্কারী মুকুট পদতলি দলাইতে
৪ হইবে এবং তাহারদের তেজমন্ত সৌন্দর্য্যতার
শুষ্কফুল্ল ফুল যাহা ফলপূর্ণ মাটের মাথায় তাহা
হইবে গ্রীষ্ম কালের পুর্ব্বে অকাল ফলের মত যাহা
কেহ দেখিবা মাত্রে চিত্তে এবং তাহা হাতে গ্রহন
৫ মাত্র সেইক্ষানে গ্রাস করে। সে দিনে সৈন্যের
য়িহুহা আপন বক্রি লোকেরদের এক সুন্দর মুকুট ও
৬ তেজমন্ত্র টোপর হইবেন। এবং যাহারা বিচার
করনার্থে বসে তাহারদের বিচারাত্মা এবং যাহারা
বৈরিরদের দ্বার পর্য্যন্ত যুদ্ধ ফিরায় তাহারদের বল।
৭ কিন্তু ইহারা দ্রাক্ষা রসেতে চুক করিয়াছে এবং
সুরাতে টলাং হইয়াছিল পুরোহিত ও পয়গাম্বর
সুরা পীওনতে চুক করিয়াছে তাহারা দ্রাক্ষা রসের
নীচে চাপা পড়িয়াছে তাহারা সুরাপানেতে টলাটলো
হইয়াছে তাহারা দর্শনে ভুলিয়াছে তাহারা বিচারে
৮ ওচোট খাইয়াছে সকল মেজ বমি ও মল পূর্ণ
৯ পরিষ্কার জায়গা নাই। তাহারা বলে সে কাহাকে
জ্ঞান শিক্ষাইতে চাহে কাহাকে বুদ্ধি দান দিতে চাহে
১০ কি দুগ্ধ ত্যাগী ও স্তনপান নিবর্ত্তিরদিগকে। কেননা

এই আছে আজ্ঞার উপর আজ্ঞা আজ্ঞার উপরে আজ্ঞা পাঁতির উপর পাঁতি পাঁতির উপর পাঁতি এখানে
১১ অল্প সেখানে অল্প। তিনি অবশ্য তোতলা ওষ্ঠ এবং অন্য ভাষাতে এ লোকেরদের সহিত কথা
১২ কহিবেন। কেননা তিনি এই সত্য বিশ্রাম পরিশ্রান্তর দিগকে বিশ্রাম দিহ এবং এই আরাম তাহারদিগকে এ কথা কহিয়া তখন ও তাহারা শুনিতে চাহিল না।
১৩ সেকারণ যিহুহার বাক্য তাহারদের অগ্রযাওন ও পাছে পড়ন ও ভঙ্গিত ও ফাঁদাকষিত ও ধরিত হওন প্রযুক্ত আজ্ঞার উপর আজ্ঞা আজ্ঞার উপরে আজ্ঞা পাঁতির উপর পাঁতি পাঁতির উপর পাঁতি অল্প এখানে
১৪ অল্প সেখানে হবে। হে নিন্দকেরা হে এ লোকের
১৫ দের মধ্যে যিরুশলমস্থ উপদেশ বক্তা যে বলে আমরা মৃত্যুর সহিত বন্দোবস্ত করিয়াছি আমরা কবরের সহিত বন্দোবস্ত করিয়াছি সর্ব্বব্যাপী মরক যখন এ স্থান দিয়া যায় তখন আমারদিগকে স্পর্শিবে না কেননা আমরা মিথ্যা কথা আশ্রয় করিয়াছে এবং আপনারদিগকের কারণ ধূর্ত্ততাচ্ছাদন করি
১৬ য়াছি তোমরা যিহুহার কথা শুনহ। সেই কারণে যিহুহা ভগবান এ কথা কহেন দেখ আমি একটা পরীক্ষিত পাথর কোনা পাথর বহুমূল্য স্থির স্থাপিত ভিতের জন্য স্থাপন করি যে জন তাহায়
১৭ বিশ্বাস করে সে লজ্জিত হইবে না। আমি ও গজ দিয়া বিচার পরিমাণ করিব এবং সালসুতা দিয়া প্রকৃত প্রতিফলের পরিমাণ করিব মিথ্যাতার অবরণ

শীলে লইয়া যাবে এবং গোপনার্থে স্থান জলে
৪৮ ডুবাইবে । মৃত্যুর সহিত তোমার যে বন্দোবস্ত
তাহাই ভাঙ্গিতে হইব এবং তোমারদের যে বন্দোবস্ত
৪৯ কবরের সহিত তাহা ও স্থির হইবে না । যখন
সর্ব্বব্যাপী মড়ক তাহা দিয়া যায় তখন তোমরা
তাহাতে অধিঃপতন হইবা । তাহা যাইবা মাত্রে
তোমারদিগকে ধরিবে বটে তাহা প্রতি প্রাতে দিবা
ও রাত্রে তোমা দিয়া যাইবে এবং তাহার সমাচার
২০ পাওয়া মাত্রে শঙ্কা হবে । কেননা যাদ্যা কোন
কেহ গায়োড়নের জন্য অতি খাটো আছে এবং
পালঙ্গপোষ কোন কেহ গাজোড়নের জন্য অতি আটা
২১ আছে । কেননা য়িহুহা যেমন পরাজিম পর্ব্বতে
উঠিলেন তেমন উঠিবেন যেমন গিবভোযন মাটে
তেমনে তাহার কার্য্য তাহার অদ্ভুৎ কার্য্য করনের
জন্য এবং তাহার কার্য্য তাহার অসম্ভব কার্য্যই
২২ করনের জন্য ক্রুদ্ধ হইবেন । অতএব তোমারদের
শাস্তি আর অতিশয় না হওনার্থে আর নিন্দাভিমুখা
হইও না কেননা আমি প্রভুর য়িহুহা হইতে দেশের
সর্ব্বত্রার্থে এক পূর্ন ও নিশ্চয় নিয়ত কথা শুনিয়াছি ।
২৩ কর্ন পাতিয়া আমার রব শুন অবধান করিয়া
২৪ আমার কথা শুন কৃষক কি দিনবদিন বুননের কারন
কাটিতেং এবং ক্ষেতের ঢেলা ভাঙ্গিতেং হাল বহে ।
২৫ তিনি তাহার মুখ সমান করিয়া তিল ও জীরা
কি ফেলে না এবং গোধুম উচিত মত এবং যব
এবং কলাই আপনার নিরূপিত স্থানে কি বুনে না

২৬ কেননা তাহার ঈশ্বর তাহাকে প্রকৃত মত শিক্ষান
২৭ এবং তাহাকে জ্ঞান দেন। তিল রথ দিয়া মাড়া
যায় না এবং জিরার ওপর গাড়ির চক্র ঘুরে না তিল
২৮ দণ্ড দিয়া এবং জিরা ঠাঙ্গা দিয়া মাড়া যায় কিন্তু রুটি
শস্য গাড়ির ভাঙ্গেতে। তিনি তাহা এমন মাড়িতে
ও গাড়ির চক্র দিয়া ভাঙ্গিতে ও পশুর খুরেতে চূর্ণ
২৯ করিতে সদাকাল প্রবৃত্ত হইবেন না। এই সৈন্যের
যিহুহা হইতে যিনি পরামর্শে আশ্চর্য্য এবং কার্য্য
করণেতে আপনাকে মহৎ প্রকাশ করেন।—

পর্ব্ব ২৯ আরিএল দাঊদ যে নগর সৈন্য বেড়িল সে আরিএ
লের সন্তাপ হওক। তোমরা বৎসরের ওপর বৎসর
২ কর পর্ব্ব আপনং কালে হওক। কিন্তু আমি আরি
এলের ওপর দুঃখ আনিব এবং নিত্য ক্রন্দন ও শোক
হইবে তাহা ও আমার দৃষ্টে বড় যজ্ঞকুণ্ডের চুলার মত
৩ হইবে। আমি ও তোমার দমনে দাঊদের মত সৈন্য
টোল ফেলাইব এবং আমি গড় করিয়া তোমাকে সৈন্য
বেড়িব এবং তোমাকে করতল করণার্থে গড় গাঁথিব।
৪ এবং তোমাকে নামাইতে হইবে তুমি ও যেমন
মৃত্তিকার নীচে থাকিয়া তেমন বলিবা এবং ধূলা
থাকিয়া দুর্ব্বল কথা স্ফুরিবা। যেমন গুনিনের রব
তেমন মৃত্তিকা হইতে তোমার রব শুনা যাবে তোমার
৫ কথা ও ধূলা থাকিয়া পোঁপুঁ শব্দ করিবে। কিন্তু
অহঙ্কারিদের মানব্য ক্ষুদ্রং ধূলার ন্যায় হইবে এবং

শত্রুদায়কেরদের মানব্য ওড়ানীয় ভূমির মত হইবে বটে
এই ফল পলক মাত্র থাকবে এবং এক নিমেষে বাহিরে।
৬ কেননা যে গর্জ্জন ও ভূমিকম্প ও মহাশব্দ ও ঝড় ও
তুফান ও জ্বলন্ত অগ্নি সহিত সৈন্যের য়িহ্বহা হইতে
৭ হটাৎ নিকট আগমন হইবে। এবং যেমন স্বপ্ন কি রাত্রে
দর্শন তেমন অন্যদেশীয় সমূহ ও তাহারদের সকল
সৈন্য ও গড় ও সমস্ত কষ্টদায়ী যত লোক আরিএলের
৮ সহিত যুদ্ধ করে তাহারদের গতিক হবে। যেমন ক্ষুধা
মনুষ্য স্বপ্ন দেখিয়া ভাবে যে খাইতেছে কিন্তু জাগ্রত
হইলে দুর্ব্বল হইয়া খাইতে চাহে এবং যেমন তৃষ্ণিত
লোক স্বপ্ন দেখিয়া ভাবে যে জল পান করিতেছে কিন্তু
চৈতন্য হইলে দবর্বল ও পীবার ইচ্ছা আছে সেমত এ
সকল দেশীয় লোক সমূহ হইবে যে চীয়ন পর্ব্বতের
সহিত আপনারদিগকে যুদ্ধ করিতে সর্জ্জন করে।
৯ তাহারা চমৎকৃত হইয়াছে তাহারা স্তব্ধ হয় তাহারা
ব্যাকুবালোচনি হইয়া দৃষ্টি করে তাহারা দ্রাক্ষরস
পান ব্যতিরেক মত্ত হইয়াছে তাহারা সুরাপান বিনা টল
১০ টলিয়া যায়। কেননা য়িহ্বহা তোমারদের উপর মহা
নিদ্রাত্মা ঢালিয়াছেন এবং তোমারদের চক্ষু মুদ্দিয়া
ছেন পয়গম্বর ও শাসক ও দর্শকেরদের চক্ষু বন্ধ
১১ করিয়াছেন। ইহাতে দর্শন আছে তোমারদের ঠাঁই
যেমন খামকরা বান্ধা পুস্তকের কথা যাহা যদি কেহ
অক্ষরজ্ঞ কাহাকে পড়িতে দেয় ও কহে আমি
তোমাকে মিনতি করি ইহা পড় সে তখন উত্তর করে
আমি তাহা পড়িতে পারি না কেননা তাহা বান্ধা আছে

১২ কিম্বা আমি মিনতি করি ইহা পড় এ কথা কহিয়া যদি পুস্তক অক্ষর অজ্ঞাত তাহাকে দেয়া যায় তবে
১৩ সে প্রত্যুত্তর করে আমি অক্ষর চিনি না। এতদর্থে যিহুহা কহিয়াছেন এ লোক তাহারদের অন্তঃকরণ আমা হইতে দূর থাকিয়া মুখে আমার নিকট আইসে এবং ওষ্ঠাধর দিয়া আমার সম্ভ্রম করে তাহারা ও মানুষের আজ্ঞা শিক্ষাইতে২ আমার যে ভয় করে তাহা
১৪ নিরার্থক আছে সেই কারণ দেখ আমি এ লোকের দিগকে এমত আশ্চর্য্য এবং চমৎকার ক্রিয়া পুনরায় করিব যে তাহারদের জ্ঞানবান লোকেরদের জ্ঞান ক্ষয় হইবে ও সাবধানি লোকেরদের সাবধানতা অন্তর্দ্ধান
১৫ হইবে। যাহারা গুপ্ত অনুসন্ধান করণেতে যিহুহা হইতে গভীর হয় যাহারদের কার্য্য অন্ধকারে থাকে ও যাহারা বলে আমারদিগকে দেখে কে ও আমারদিগকে
১৬ জানিবে কে তাহারদের সন্তাপ হউক। তোমরা গোঁয়ার বটে কিন্তু কুম্ভকার কি মৃত্তিকার তুল্য মানিতে হইবে যাহা কৃত তাহা কি কর্ম্মকারীর বিষয় কহিতে পারিবে সে আমাকে করিল না। নির্ম্মিত যে বস্তু তাহা ও কি নির্ম্মাণ কর্ত্তাকে কহিবে যে তাহার কিছু জ্ঞান
১৭ নহে। এখন অতি কিঞ্চিৎ কাল পরে লবানন কি মার্ম্মেলের মত হ ইবে না ও মার্ম্মল কি অরণ্যের মত
১৮ দেখা যাবে না। তৎকালে বধিরেরা পুস্তকের কথা শুনিবে এবং [illegible] ধলাবধি মেঘ অন্ধকারাচ্ছাদিত
১৯ অন্ধরদের চক্ষু [illegible] যতে পাইবে। নম্র লোক তাহারদের আনন্দ যিহুহায় বাড়াইবে দরিদ্রেরাও

২০ য়িশরালের ধর্ম্মো উল্লাসিত হইবে কেননা সক্কদ ক্ষীণ
হইয়াছে নিন্দক ও আর রহে নহে যাহারা কুক্রিয়া
২১ করিতে চৈতন্য ও যে জন গরিবকে তাহার কথায়
ফুল্লাইল ও দ্বারে যে জন পুশ্নোত্তর করিল তাহার কারণ
কল পাতিল এবং মিথ্যা কথা কহিয়া ধার্ম্মিককে
উল্টিয়া দেয় তাহারা সমস্ত খোলয়ানা পরিচ্ছেদিত
২২ হইয়াছে। অতএব য়িহ্বহা যাঁকুবের বংশের প্রভু
আবরহামের মুক্তদ এ কথা কহেন যাঁকুব আর
লজ্জিত হইবে না তাহার মুখ ও লজ্জাচ্ছাদিত আর
২৩ হইবে না। কেননা যখন তাহার সন্তান আমার
হস্তকৃত ক্রিয়া দেখিতে পাই তখন তাহারা আপনা
আপনি আমার নাম পবিত্র করিবে তাহারা যাঁকুবের
ধর্ম্মকে পবিত্র করিবে এবং য়িশরালের ঈশ্বরের গো
২৪ চরে কম্পমান হইবে যাহারা ভুলনাত্মায় ভ্রমণে গেল
তাহারা জ্ঞান পাইবে এবং হিংশুক লোক শিক্ষিবে।

পর্ব্ব ৩০

১ য়িহ্বহা কহেন যে হজ্জুতি শিশুরা পাপের উপর
পাপ করণার্থে আমার করণ বিনা পরামর্শ করে ও
২ আমার আত্মা ব্যতিরেক বন্দোবস্ত স্থির করে যাহারা
আমার মুখ হইতে জিজ্ঞাসা না করিয়া ফারোঊর
পরাক্রমে আপনারদিগকে বলবান করণ ও মিসরের
ছায়ায় আশ্রয় করণার্থে মি [illegible] প্রবর্ত্ত হয়
৩ তাহারদের সন্তাপ ঔক। [illegible] র তোমাদের
৪ লজ্জা অবশ্য হইবে এবং [illegible] ছায়ায়
শরন লওন তোমারদের [illegible] হারদের

অধ্যক্ষেরা জোয়ন্নে ছিল তাহারদের উকিলেরা
৫ হানেসে উপনিত ছিল । তাহারা সকল অলাভদায়ী
অনুপকারী অহিতকারী লজ্জাদায়ী অপমানদায়ী
৬ লোকেতে লজ্জিত ছিল। ক্লেশ ও দুঃখদায়ক ও সিংহী
ও দুর্জ্জন সিংহ ও নাগ ও উড়নীয় সর্প উৎপন্নীয়
দেশ দিয়া দক্ষিনদিগে যাত্রবান পশুরদের এই ভার ;
তাহারা যুবা পশুর স্কন্ধের উপর আপনারদের সম্পদ
বহে তাহারদের ধন ও উঠের ঝুঁটের উপর বহে এক
৭ লোকের কাছে যে তাহাদের প্রাপ্তি হইবে না । কেননা
মিসর আছে কুক্ষুটি মাত্র তাহারা বৃথা উপকার
করিবে এতদর্থে তাহার নাম রাহব আলস্য রাখি-
৮ য়াছি । এখন যাইয়া এ কথা তক্তায় লেখ এবং অক্ষর
করিয়া তাহা পুস্তকে গ্রন্থ যেন ভবিষ্যৎ কালের
৯ কারন সদাকালের সাক্ষী হইবে । কেননা এই এক
হুজ্জুতি লোক মিথ্যাবাদী শিশুগন যিহুহার বিধি
১০ শুনিতে অসম্মত শিশুরা । যাহারা দর্শকেরদিগকে
বলে তোমরা দেখিও না । এবং পয়গম্বরেরদিগকে
তোমরা সত্য কথা কহিও না আমারদিগকে সহজ
১১ কথা কহ ভুকুটি বাক্য কহ পথ হইতে ফির সোজা
পথ ছাড়িয়া যাও যিশরালের বীর্য্য আমারদের
১২ গোচর হইতে লইয়া যাও । এতদর্থে যিশরালের বীর্য্য
এ কথা কহেন তোমরা এ কথা হেয়জ্ঞান করিয়াছ
এবং অশুদ্ধতা এবং অযথার্থে বিশ্বাস করিয়াছ এবং
তাহার উপরে যোলয়ানা বিশ্বাস করিয়াছ । অতএব
১৩ যেমন ধ্বংসকল্প ভগ্ন এবং উচ্চ দেয়ালে

যে ঘুনন সত্বর এবং নিমিষেই ভাঙ্গা যায় তেমন
১৪ তোমারদের এ অন্যায় হইবে । যেমত যখন কেহ
কুম্ভকারের পাত্র ভাঙ্গে তখন সে তাহা ভাঙ্গিয়া ফেলে
ও কিছু দয়া করে না যেমন তাহার খুপার মধ্যে
চুলা হইতে অগ্নি তুলান কিম্বা হ্রদ হইতে জল
তুলান এক পাত্র পাওয়া যায় না সে মত তাহা ভাঙ্গা
১৫ যাবে । সারোদ্ধার য়িহুহা ভগবান য়িশরালের
ঈশ্বর এ কথা কহিয়াছেন তোমারদের আচরন হইতে
ফিরন ও শান্ত থাকনেতে তোমারদের নিস্তার হইবে
নিশব্দ ও পুন্য সাহসে তোমাদের বল হইবে কিন্তু
১৬ তোমরা শুনিতে চাহিল না । তোমরা বলিলা তাহা
নাই কিন্তু আমরা অশ্বারোহন করিয়া পলাইব সে
কারন তোমারদিগিকে খেদাইতে হইবে এবং আমরা
বেগগামী ঘোড়া চড়িব সেকারন যাহারা তোমারদিগি
১৭ কে পীটে তাহারা ও বেগগামী হইবে । এক জনের
ধীমকানেতে সহস্র ও পাঁচ জনের ধীমকানেতে তোমার
দের দশ সহস্র পলাইবে তোমারদের পর্ব্বতের শৃঙ্গস্থ
ধ্বজ ও উচ্চ পর্ব্বতের উপরস্থ পতাকার ন্যায় হওন
১৮ পর্য্যন্ত । কিন্তু এ নিমিত্ত য়িহুহা তোমারদের উপর
অনুগ্রহ করিতে অপেক্ষ করিবেন এ নিমিত্তই তিনি
নিরবে তোমারদিগিকে ক্ষমা করিতে অপেক্ষ করিবেন ।
কেননা য়িহুহা আছেন বিচারক ঈশ্বর যাহারা
তাহার উপরে বিশ্বাস করে তাহারা সকলি ধীন্য ।
১৯ যখন ধাৰ্ম্মিক লোক চীয়োনে বাস করিবে ও যখন
তুমি য়িরোশলমে ক্রন্দন করিতে ২ তাহার আরাধিনা

করিবা তখন তিনি তোমার ক্রন্দন রবে তোমার ওপর
বড় কৃপাবন্ত হইবেন। তিনি তোমাকে শুনিবামাত্র
২০ ওত্তর করিবেন। যিহুহা তোমাকে দুঃখ ভক্ষ্য এবং
শোক জল আহার করিয়াছেন বটে তথাচ বৃষ্টি
স্বকালে আরবার নিবর্ত্ত হইবে না কিন্তু তোমার চক্ষু
২১ স্বকালের বৃষ্টি দেখিতে পাইবে। এই পথ তাহা দিয়া
চল দক্ষিণে বামে ফের না এ ওপদেশ কথা তোমার
পশ্চাৎ থাকিয়া তোমার কর্ণ শুনিতে পাইবে।
২২ তোমরা ও তোমারদের রূপার ঠাকুরের আচ্ছাদন এবং
তোমারদের স্বর্ণের সাঁচুয়া প্রতিমা অশুচি মানিবা
তুমি তাহা অশুচি বস্ত্রের মত ফেলিয়া দিবা তুমি
২৩ বলিবা আমা হইতে দূর হও। তিনি ও তোমার
বিজ বুননের কারণ বৃষ্টি এবং ভূমি ওৎপন্নীয় ভক্ষ্য
দিবেন তাহা ও অনেক ও বিস্তর হবে তখন তোমার
২৪ পশু মেলা মাটে চরি বো ভূমিচাসা বলদ ও যুবা
গর্দ্দভ কুলা ও চালুনিতে ঝাড়া শাফ দানা খাইতে
পাইবে। যে মহাবধ করা দিনে পারক্রান্তেরা পড়ে
২৫ সে দিনে প্রতি ওচ্চ পর্ব্বত এবং প্রতি ওচ্চ গিরিতে ভিন্নং
কৃত ধারা এবং জলের স্রোত হবে। যে দিন যিহুহা
২৬ তাহার লোকের ভঙ্গন বন্ধিবেন এবং আপনা
প্রহারকৃত ঘা সুস্থ করিবেন সে দিনে চন্দ্রের দীপ্তি
মধ্যাহ্ন সূর্য্যের দীপ্তির মত হবে এবং মধ্যাহ্ন
২৭ সূর্য্যের দীপ্তি সাতগুন হইবে। দেখ যিহুহার
নাম দূর হইতে আসিতেছে তাহার ক্রোধ জ্বলে সে
শিখা মহাজ্বলন্ত তাহার ওষ্ঠাধর ক্রোধ পূর্ণ তাহার

২৮ জিহ্বা ও সংহারকারী অনল। তাহার আত্মা ওথলীয় বর্ন্যের মত তাহা গলার মধ্য পর্য্যন্ত পাইবে। তিনি দেশীয় লোকেরদিগকে সব্বনাশ কুলায় নাচাইতে আসিতেছেন এবং লোকেরদের ভুলানার্থে তাহার
২৯ দের মুখে লাগাম হইবে। পব্ব চেতি দেওয়া রাত্রের মত ও যেমন কেহ যিহ্বহার পর্ব্বতে যিশরালের পাষান স্থলেই যাওনার্থে বাসির শব্দেতে গমন করে তেমন তোমরা অন্তঃকরনের আনন্দ
৩০ করিয়া গান করিবা। যিহ্বহার তুচ্ছক ক্রোধ এবং সব্বনাশক অগ্নি শিখা ও মহাঝড় ও বাঞ্চনীয় বৃষ্টি এবং শীল বর্ষিয়া আপনার তেজযন্ত বর শুনাইবেন এবং আপনার হাত নামন দেখাইবেন।
৩১ যিহ্বহার রবেতে লাঠি মারিতে ওদ্যত আশোরী
৩২ মারা পড়িবে। এবং এমত হইবে যে শাস্তি করিবার দণ্ড যিহ্বহা তাহার ওপর ভারী লাগাইবেন তাহা যে কোন খানে যাবে তাহার সহিত তবল ও বীন যাবে এবং তিনি তাহারদের সহিত মহা যুদ্ধ করিবেন।
৩৩ কেননা তোফত পূর্ব্ব কালাবধি নিরূপিত হইয়াছে তাহাই রাজার কারন প্রস্তুত হইয়াছে তিনি তাহা গভীর করিয়াছেন তিনি তাহা এসার করিয়াছেন তাই মহাঅগ্নি চিতা এবং বহু কাষ্ঠময় যিহ্বহার ফুঁক দেয়া গন্ধকের স্রোতের মত তাহা জ্বালাবে।

পব্ব যাহারা মিজরে ওপকারের কারন যায় যাহারা
৩১ রক্ষার্থে অশ্বে বিশ্বাস করে যাহারা রথ অনেক

হওনের কারন এবং আশ্বোয়ারি বলবান হওনের কারন তাহারদিগেতে সাহসি হয় কিন্তু য়িশরালের ইশ্বোর দিগে দৃষ্টি করে না এবং যিহুহার স্থানে পরামর্শ

২ লয় না তাহারদের সন্তাপ হওক। তিনি অবশ্য আপনার জ্ঞানে তাহারদের ওপর দুর্গতি আনিবেন এবং আপনার কথা ছাড়িবেন না তিনি অবশ্য দুষ্ট লোকেরদের বাটী ও কুকর্ত্তারদের ওপকারিরদের

৩ বিরুদ্ধে ওঠিবেন। কেননা মিজরিরা মনুষ্য মাত্র প্রভু নহে তাহারদের ঘোড়া ও মাংসবিশিষ্ট আত্মা নহে য়িহুহা ও তাহার হস্ত বিস্তার করিবেন তখন ওপকারী পড়িবে এবং ওপকৃতকে ওল্টাইতে

৪ হইবে এবং সকল একবারে নষ্ট হইবে। কেননা য়িহুহা আমাকে এ কথা কহিয়াছেন যেমত সিংহ যুবা সিংহই তাহার সিকারের ওপর গর্জ্জে অনেক রক্ষক এক ঠাঁই তাহার বিরুদ্ধে চীৎকার করিলে তথাচ তাহারদের রবে ভয়ার্ত্ত হইবে না ও তাহার দের কল্লোলেতে মৃদু হইবে না সেমত সৈন্যের য়িহুহা চীয়ন পর্ব্বৎ এবং আপন গিরির কারন

৫ যুদ্ধ করিতে নামিবেন। যেমন বাড়ি পক্ষী আপনং ছাবারদের ওপর বসে তেমন ও সৈন্যের য়িহুহা রক্ষা করিতেং পরিত্রান করিতেং আগে লাফ দিতেং এবং

৬ মুক্ত করিতেং য়িরোশলমকে রক্ষা করিবেন। হে য়িশরালের সন্তানেরা যাহার বিরুদ্ধে তোমরা এত

৭ বহু করিয়াছ তাহারদিগে ফির। অবশ্য তাহারা

প্রতি জন স্বহস্তকৃত পাপ বস্তু রূপার ঠাকুর এবং স্বর্ণের ঠাকুর সে দিনে অতি তুচ্ছ করিয়া ফেলিয়া
৮ দিবেন। আশোরী ও মনুষ্যের তলোয়ার ভিন্ন তলোয়ারের কোপে পড়িবে বটে মরণীয় মনুষ্যের তলোয়ারি ভিন্ন তলোয়ার তাহাকে খাইয়া ফেলিবে সে তলোয়ারের মুখ হইতে পলাইতে লাগিবে এবং তাহার পশন্দিত লোকেরদের নির্ভয় মন দুর্ব্বল হইবে।
৯ সে ও ভয়েতে তাহার মজবুত গড় লঙ্ঘিবে তাহার পলানেতে তাহার অধ্যক্ষেরা ভয়ঘাতি হবে য়িহ্‌হা যাহার অগ্নি চীয়নে ও যাহার আক্ষর য়িরোশলমে তিনি এ কথা কহেন।—

পর্ব্ব ৩২ দেখ এক জন রাজা ধর্ম্মাচরনে কর্তৃত্ব করিবেন এবং অধ্যক্ষেরা প্রকৃতাচরনেতে শাসন করিবে। এবং যেমন ঝড়ে আচ্ছাদন ওবন্যে আশ্রয় যেমন শুষ্কস্থানে সরোবর ও যেমন গ্রীষ্ম দুর্ব্বল দেশে মহাপর্ব্বতের
৩ চায়া তেমন সে মনুষ্য হইবে। এবং দর্শকেরদের চক্ষু তাহাকে মানিবে ও শ্রোতা ব্যক্তিরদের কর্ন
৪ অবধান করিবে। বটে অবিবেচক লোকেরদের অন্তঃকরন ভাবিবে এবং জ্ঞান পাইবে এবং তোতলা জিহ্বা অভাবিত ও শুদ্ধ কথা কহিবে।
৫ মূর্খকে সম্ভ্রান্ত আর কহিতে হইবে না এবং কৃপনকে
৬ দাতা আর কহিতে হইবে না। কেননা ক্ষুধিতের প্রান শূন্য করন ও তৃষিতের জল বারন করনের জন্য কাল্পনিকতা করিতেং এবং য়িহ্‌হার

বিরুদ্ধে অপ্রকৃত কথা কহিতেং মূর্খ অবোধ কথা অবশ্য কহিবে তাহার মন ও অযথার্থ সৃষ্টি করিবে
৭ কৃপন যে জন তাহার হাতিয়ার মন্দ সে জন নম্র লোকে মিথ্যা কথা জালে যোড়ালাগান এবং বিচারে গরিবের কথা অন্যথা করনার্থে মনেং হিংসা
৮ চাওরে। কিন্তু দাতা যে জন সে দেওন ক্রিয়া চাওরিবে তাহার দেওন সন্ধানেতে আপনি ও স্থির
৯ হইবে। হে তোমরা অচিন্ত বসত স্ত্রীলোক আমার কথা শুনহ হে তোমরা নিরাপদে নিবাসি কন্যারা
১০ আমার বাক্য অবধান করহ। হে নির্ভাবিতা স্ত্রীলোকেরা তোমরা বৎসরের পর বৎসরে ব্যস্তিতা হইবা কেননা দ্রাক্ষের ফসল অভাব আছে
১১ ফল পাড়নকাল হবে না। হে তোমরা আলস্য লোকেরা কম্পমান হও হে তোমরা নির্ব্বাস্ত
১২ লোকেরা কাপড় খোল গাত্র উদলা কর। কোমর ও বুকের উপর চট পর সুন্দর ক্ষেত্র এবং ফলবান
১৩ দ্রাক্ষা বৃক্ষের কারন ক্রন্দন করহ। আমার লোকের দেশের উপর কাঁটা এবং স্যাকুল বাড়িবে হটে তাহারদের আনন্দ করন ঘর ও উল্লাষ করন
১৪ সহরের উপরে। কেননা অট্টালিকা ছাড়া গিয়াছে নরপূর্ণ সহর নরশূন্য আছে ওফেল এবং চৌকিশালা পশুখাদ বন গর্দ্ধভের আনন্দ
১৫ পাল চরনের স্থান অনেক কাল হবে। আত্মা উপর থাকিয়া আমারদের উপরে ঢালা হওন এবং অরন্য ফলবান ক্ষেত্র হওন এবং ফলবান ক্ষেত্র

১৬ অরণ্য মান্য হওন ও বিচারক্রিয়া অরণ্যে বাস করণ
১৭ ও ফলবান ক্ষেত্রে ধর্ম্ম বসতি করণ ও ধর্ম্মের
কার্য্য নির্বিরোধি হওন ও ধর্ম্মের ফল নিত্য স্বচ্ছন্দ ও
১৮ নিরাপদ হওন ও আমার লোক নির্বিরোধি গৃহ এবং
নিরাপদি বসতি এবং ভয় শূন্য আশ্রয়ে বাস করণ
১৯ পর্য্যন্ত। কিন্তু শিল বর্ষিবে ও কানন পতিত হইবে
২০ এবং সহর মাটের সমান করিতে হইবে। ধন্য
তোমরা যে জলপূর্ণস্থানে বীজ বুন যে বলদ এবং
গর্দ্দভের পদ বাহিরে পাঠাইতেছ।

পর্ব্ব ৩৩ হে অনষ্ট নাশক হে অলুটিত লুটক তুমি নাশ
করিতে ছাড়িলে নষ্ট হইবা তুমি লুট করণেতে শান্ত
২ হইলে তাহারা তোমাকে লুটিবে। হে য়িহহা
আমারদিগকে কৃপা কর আমরা তোমার শরণ
লইয়াছি প্রতি প্রাতঃ আমারদের বল হও বিষম
৩ সময়ে আমারদের রক্ষক হও। তোমার ভয়দায়ক রবে
লোকেরা পলাইল তুমি আপনাকে উঠাইলে দেশীয়েরা
৪ ছিন্নভিন্ন হইল। কিন্তু যেমন পঙ্গপাল ফড়িঙ্গ
সঞ্চয় করে তেমন তোমার লুট সঞ্চয় করিতে হইবে
যেমন কীট এদিগে ওদিগে দৌড়ে তেমন তাহারা
৫ দৌড়িয়া তাহা ধরিবে। য়িহহা নামলব্ধ আছেন
তিনিই ঊর্দ্ধে বাস করেন চীয়নকে তিনি প্রকৃত
৬ কার্য্য ও বিচার পূর্ণ করিয়াছেন। জ্ঞান
ও বুদ্ধি তোমার কালের স্থিরত্ব হইবে নিত্য
ত্রাণ অধিকার য়িহহা ভয় এই তোমার ধন

৭ হইবে। দেখ বলবান লোক বড় হাংকারকরে
৮ অযুদ্ধের দূত বড় ক্রন্দন করে। বড় পথ নরশূন্য
পথিক কেহ নহে। সে বন্দোবস্ত ভাঙ্গিয়াছে সে
দত্ত নগর অগ্রাহ্য করিয়াছে মনুষ্যেরদিগকে কিছু
৯ মানে না। দেশ ক্রন্দন করিতেছি তাই দুর্ব্বল আছে
লবানন লজ্জা পাইয়াছে তাহা ম্লান হইয়াছে শারুণ
বনের মত হইয়াছে বশান ও ঘর্ম্মলের সৌন্দর্য্য
১০ হারা গিয়াছে। যিহুহা কহেন এক্ষন আমি উঠিব
এক্ষন আপনাকে উপরে উঠাইব এক্ষন নাম লব্ধ হইব
১১ তোমরা তুমি সাঁচ ধরিবা তোমরা নাড়া প্রসব হইবা
আমার আত্মা ও অগ্নির ন্যায় তোমারদিগকে নষ্ট
১২ করিবে এবং যেমত চূন পোড়া যায় যেমত কণ্টক
কাটা হইয়া অগ্নিতে প্রজ্বলিত সেমত লোকেরদিগকে
১৩ পোড়াইতে হইবে হে দূরস্থ লোকেরা তোমরা আমার
কার্য্যের বিষয় শুনহ হে নিকটস্থ লোকেরা আমার
১৪ পরাক্রম স্বীকার কর। চীয়নস্থ পাপিলোক ভয়
ঘাত পাইয়াছে কাল্পনিকেরদিগকে শঙ্কা ধরিয়াছে
আমারদের কেতা এ সর্ব্বনাশীয় অগ্নি সহিতে
পারে আমারদের কেতা এ নিত্য পোড়ান সহিষ্ণুতা
১৫ করিতে পারে। যে শুদ্ধ ধর্ম্মাচরন করে এবং প্রকৃত
কথা কহে যে অন্যায় প্রাপ্তি ঘৃনা করে যে রেশওয়াত
হইতে হাত ঝাড়ে যে খুনের কথা শুনিয়া স্রবন বন্ধ
১৬ করে ও দুষ্কর্ম্ম দর্শনেতে চক্ষু মুদে। তাহার বসতি
উচ্চস্থানে হইবে পাষাণ পর্ব্বতের গড় তাহার উচ্চাশ্রয়
হইবে তাহার ভক্ষ্য দিনে২ দিতে হইবে তাহার জল

১৭ অপ্রাপ্য হইবে না। তোমার চক্ষু ও রাজা স্বতেজে দেখিতে
পাইবে তোমার স্বদেশ ও অতিবৃদ্ধ হইয়া দেখিতে
১৮ পাইবে। তোমার অন্তঃকরণ ও গত ভয়েতে চিন্তা
করিবে এক্ষন মোহরী কোথায় ও রাজস্ব তুলক কোথায়
যে জন গড় গণন করিল সে কোথায়। তুমি সে মূর্খ
১৯ লোকেরদিগকে আর দেখিবা না তোমার অশ্রোতব্য
গম্ভীরভাষা বলন এবং যাহা বুঝিতে পার না এমন
তোতলা জিহ্বা লোকেরদিগকে তুমি আর দেখিবা না।
আমারদের বড় পর্ব্ব সহর জীয়ন তুমি দেখিতে
২০ পাইবা তোমার চক্ষু সে অসংগ্রাম বসতি যিরোশলম
অলড় তাম্বু যাহার খুটি কোনকালে উপড়িতে
হইবে না এবং যাহার এক দড়ি ছিড়িবে না তাহাই
২১ দেখিতে পাইবা। কিন্তু মহাদাড়যুক্ত নৌকা অতরণীয়
ও মজবুত জাহাজ অগম্য বহু স্রোতের মোহনা এবং
প্রশস্ত নদীবং স্থান যিহুহার তেজস্কর নাম আমার
২২ দের সমাপে হইবে। কেননা যিহুহা আমারদের
বিচার কর্ত্তা যিহুহা আমারদের ব্যবস্থা কর্ত্তা যিহুহা
আমারদের রাজা তিনি আমারদিগকে উদ্ধার করি
২৩ বেন। তোমারদের পাল ছিন্না হইয়াছে তাহারা তাহা
শক্ত করিতে পারে না তোমার মাস্তুল শক্ত নহে
তাহারা ধ্বজা উড়াইতে পারে না তৎকালে বড় লুট
ভাগ করিতে হইবে খোঁড়ারাই শিকার ধরিবে।
২৪ আমি পীড়াতে পারি না প্রজারা এ কথা আর বলিবে
না তাহার মধ্যস্থ নিবাসী লোকেরা তাহারদের
অপরাধের শাস্তি হইতে মুক্ত হইয়াছে।—

পর্ব্ব ৩৪

হে দেশীয়েরা নিকট আসিয়া অবধান কর হে তোমরা লোকেরা আমার কথা গ্রহণ করহ পৃথিবী এবং তাহার পূর্ণতা জগত ও তাহার সকল উৎপন্ন শ্রবণ করুক। ২ কেননা সকল দেশীয়েরদের বিরুদ্ধে য়িহুহার ক্রোধ এবং সকল জাতির উপর তাহার কোপ প্রজ্বলিত হইয়াছে তিনি তাহারদিগকে ব্যবহারী করাইয়াছেন তিনি তাহারদিগকে বধের জন্য দেওয়াই য়াছেন। ৩ তাহারদের মরা বাহিরে ফেলিতে হইবে এবং তাহারদের শব হইতে দুর্গন্ধ ঊর্দ্ধগত হইবে এবং পর্ব্বত গুলা তাহারদের রক্ততে গলিত হইবে। ৪ এবং স্বর্গের সকল সৈন্য ক্ষীণ হইবে স্বর্গ ও পত্রের মত জোড়া হবে ও যেমন দ্রাক্ষা গাছ হইতে শুষ্ক পত্র ও যেমত ডুম্বুর বৃক্ষ হইতে শুষ্ক ফল ৫ তেমন তাহারদের সর্ব্ব সৈন্য ম্লান হবে। কেননা স্বর্গে আমার তলোয়ার অদ্রুলাকৃত আছে দেখ আদোম যে লোকেরা আমার সদ্বিচারে বধ্য ৬ তাহারদের উপরে নামিবে। য়িহুহার তলোয়ার রক্ত তৃপ্ত তাহা চরবি পরিতৃপ্ত আছে মেষের বাচ্চা এবং ছাগলের রক্তই মেষের গিদার চরবিতেই পরিতৃপ্ত ॥ কেননা বজরায় য়িহুহা যজ্ঞ করেন এবং আদোম ৭ দেশে মহাবধ হবে। তাহারদের সহিত বন ছাগল ও বলদ আড়িয়ার সহিত পড়িবে তাহারদের স্বদেশ রক্ত মত্ত হবে এবং ধুলা চরবিতে পীনবৎ হইবে। ৮ কেননা এ য়িহুহার প্রতিফল দেওনদিন চীয়োনের মকদ্দ ৯ মার প্রতিবাদীর নিশা পাওয়া বৎসর। তাহার

স্রোত জল ধূনা হবে তাহার ধূনা ও গন্ধক হবে
১০ তাহার সমস্ত দেশ ও জ্বলন্ত ধূনা হইবে। তাহা
রাত্রি দিনে কখন নির্ব্বাণ হইবে না তাহার ধূয়া
নিত্য উঠিবে তাহা সর্ব্ব পুরুষ অনুক্রমে নিরাবাদ
হইবে সদা সর্ব্বক্ষন পর্য্যন্ত কেহ তাহা দিয়া যাবে না।
১১ কিন্তু তেনওড়ওড়া ও সেজারু তাহা অধিকার পাইবে
হুতুম পেঁচা ও ডালকাক সেখানে ও বাস করিবে
তিনি তাহার উপর সর্ব্বনাশের দড়ি ও তাহার পোড়া
১২ মাটের উপর শূন্যতার সাল সুতা টানিবেন। তাহারা
আর সে রাজ্যের সুখ্যাতি বলিবে না তাহার সকল
১৩ অধ্যক্ষেরা ষোলয়ানা অভাব হবে। তাহার
অট্টালিকায় কাঁটা তাহার গড়ে ও বিষাতু ও স্যাকুল
বৃদ্ধি পাইবে এবং তাহা নাগের বসতি। এবং উট
১৪ পক্ষীর কন্যারদের রাজধানী হইবে। শৃগাল ও বন
বিড়াল সেখানে দেখা করিবে এবং হনুমান তাহার
সখীর প্রতি ডাকিবে সেখানে ও পেঁচারা থাকিবে এবং
১৫ আপনার আশ্রয় করিবে। সেখানে কিদ্দত পক্ষী বাস
করিবে ও ডিম্ব পড়িবে ও ফুটাইবে এবং আপনার
ছাইয়ায় বাচ্ছা একত্র করিবে. সেখানে ও সকুনী প্রতি
১৬ একং নিজ পুরুষের সহিত সভা হইবে। য়িহুহার
পুস্তিতে তজবিজ করিয়া পাঠ কর ইহারদের এ কটাই
ভুলিবে না কোন মাইয়ার পুরুষ কমি হইবে না
কেননা য়িহুহার মুখ আজ্ঞা করিয়াছে এবং তাহার
১৭ আত্মা তাহারদিগিকে একত্র করিয়াছে। এবং
তিনি তাহারদের কারণ গুলিবাঁট করিয়াছেন তাহার

হাত ও তাঁহারদের অংশ জরিফ করিয়াছেন তাহারা
ও সে দেশ নিত্য অধিকারের কারন পাইবে তাহারা
পুরুষং অনুক্রমে তাঁহাতে বাস করিবে।—

পর্ব্ব ৩৫ অরন্য এবং শূন্যস্থান আনন্দিত হইবে বন ও হৃষ্ট
হইয়া তেজবন্ত হইবে। তাহিহি গোলাবের মত সুন্দর
বাড়িবে য়িৰ্দ্দনের জলপূর্ন মাট আহ্লাদিত হইবে
লবাননের তেজ মর্ম্মল ও শরনের সৌন্দর্য্য তাহাতে দিতে
হবে ইহারা য়িহুহার তেজ আমারদের ঈশ্বরের
৩ ঐশ্বর্য্য দেখিতে পাইবে। দুর্ব্বল হস্ত গুলা বলবান
করাও থরং হাট ও স্থির কর ভীতান্তঃকরনীদিগকে
৪ বল তোমরা বলবান হও ভয় নাই তোমারদের
ঈশ্বরকে দেখ শাস্তি দেওয়া ঈশ্বরের প্রতিফল দেওয়া
সময়ই হইবে তিনি আপনি আসিয়া তোমারদের
৫ উদ্ধার করিবেন। তখন অন্ধ লোকেদের চক্ষু
৬ মেলাইতে হবে এবং বধিরদের কর্ন খোলা যাবে তখন
খোড়া হরিনের মত লাফ দিবে এবং গোঙ্গারদের
জিহ্বা গান করিবে। কেননা বনে জল এবং অরন্যে বড়
৭ স্রোত বাহিরিবে এবং চকমকে বালি পুস্কর্নী হবে
এবং তৃষ্ণাযুক্ত ভূমি ফুটফুটা উনুই হবে এবং
৮ নাগস্থানে ঘাস ও নল ও পাতি বাড়িবে। সেখানে বড়
পথ হইবে এবং তাহা ধর্ম্মের পথ খ্যাত হবে
কোন অশুচি লোক তাহা দিয়া যাবে না কিন্তু তিনি
আপনি পথে যাইতেং তাহারদের সঙ্গি হইবেন